এটা আমি বিশ্বাস করি। ইতিহাস সাক্ষ্য দের—কানাডা, স্ব্রাক্তনেটে ও অন্যানা বহু লেশের কথা ররেছে। বহু ভাবাডাবী দেশ ররেছে, সেখানে কোনাদন ইউনিটি ব্যাহত হর নি। আমি আমানের এখানে হিন্দী, বাংলা প্রকৃতি বহু ভাবা এলে বে ইউনিটি ব্যাহত হবে ভার কোন বাজি নেট। ্ নিবতীর প্রশন হছে, প্রেসটিজ-এর কথা। আমাদের কি প্রেসটিজ আছে? ইংরাজী যদি আমাদের অভিনিরাল লাংগ্রেজ না থাকে, তাহলে কি আমাদের ভারতবর্ধের প্রেসটিজ থাকে না? আমি জিজ্ঞাসা করি, কমনওরেপ্ত-এ থাকলেই বৃদ্ধি ভারতবর্ধের প্রেসটিজ থাকে? ভারতের প্রাইম মিনিস্টার পশ্ভিত নেহর্র মুখে এই ভাষা হাড়া আর কিছু শুনতে পাওর বার না। তবে ইংরাজীর প্রতি তার এত আক্রোশ কেন? কারণ এটা বিদেশী ভাষা।

আমি জিজ্ঞাসা করি যা আম দের দেশে ইন্ডাম্মির ক্ষেতে চালা, আছে তা কোন দেশের?
আমি জিজ্ঞাসা করি ল, জাডিসিয়ারির বে সিন্টেম এখানে চালা, আছে তা কোন দেশের?
সবই ঐ দেশের জিনিস। যদি এইগালি রাখতে সম্মান না চলে যায়, যদি এইগালি রাখলে
প্রেস্টিজ ক্তিপ্রম্প না হয় তাহলে এই যে, একটা সম্ম্প ভাষা, তাকে যদি অফিসিয়াল লাগেগালেজ
হিসাবে রাখি, তাহলে প্রেস্টিজ কোথায় চলে গেল, তা আমি ব্যুলাম না।

[6-15-6-25 p.m.]

ম্বিতীয় যুদ্ধি হচ্ছে প্রেস্টিজ-এর কথা। সেই প্রেস্টিজটা কি? না. ইংরাজী যদি আমাদের এখানে অফিসিয়াল ল্যাংগ্রেজ হিসাবে থাকে তাহলে ভারতবর্বের প্রেস্টিক থাকে না। আমি ভিজ্ঞাসা করি, কমনওয়েল্থ-এ থাকলে বোধ হয় খুব প্রেসটিজ থাকে, কমনওয়েল্থ-এ যাদের থাকতে অপত্তি নেই, ইংরাজীকে তাদের সেধানে অফিসিরাল ল্যাংগুরেজ করতে আপত্তি থাকে, দেখানে পণ্ডিত জ্বতহরলালের মুখে এসব ভবিতা ছাড়া আমার আর কিছাই মনে হয় না। ইংরাজীর বির্দেখ তাদের আক্রোশ কেন? না, এটা বিদেশী ভাষা; কিন্তু আমি জিজ্ঞাসা করি তথাকথিত গণতত যা গ্রহণ করা হরেছে, সেটা কি আমাদের দেশের বিটিশ ম্যানেজিং সিপ্টেম যা যা আমাদের দেশে ইন্ড স্থির ক্ষেত্রে চালা হয়েছে সেটা কি এই দেশের : আমি ভিজ্ঞাসা করি ল, জুডিসিয়ারি যে সিপেটম-এ চাল, হচ্ছে সেটা কি **এই দেশের : ঐ সবই তো বিলাতী কার্যদার জিনিস। যদি এইগালি রাখতে সম্মান চলে না** ষায়, প্রেসটিজ ক্ষতিগ্রন্থ না হয়, তাহলে একটা সংসম্পন্ন ভাষাকে আমাদের এখানে অফিসিয়াল ইউনিয়ন লাংগ্রেজ হিসাবে রাখি তাহলে প্রেসটিজ কোথায় গেল তা আমি ব্রুলাম না। আদত ব্যাপার হচ্ছে অন্য জায়গায়। আমার সংগে সত্যেনবাব, নিশ্চয় এগ্রি করবেন বে, উনবিংশ শতাব্দীতে বাংলার নব-জাগতির ক্ষেত্রে, আমাদের ন্যাশনাল আপরাইজিং-এর ক্ষেত্রে ইংরাজীর অবদান কি ছিল। তাহলে সে ভাষা আমাদের নব-জাগ্তিকে সমৃন্ধ করেছে, সে ভাষা আমাদের মনে ন্যাশনালিজম-এর দিপরিটকে উম্বাহ্ণ করেছে, সেই ভাষা স্বাধীনতার পর আমাদের ন্যাশনাল এয়াওকেনিং, ন্যাশনাল এয়াসপাইরেশনকে ক্ষতিগ্রন্থ করবে, সে যে কোন দেশী যুক্তি তা আমি বুঝি না। কেউ কেউ বলেন যে, একভার এ ফল নয়। একতা ইংরাজী সাহিত্য আনে নি? নেশন-এর কনসেপশন সম্বশ্ধে শংকরাচার্যের সময় নাকি तमान अर्फ्याङ्क । किरु आमर्क २ एक कि, तमान-अत करारम्थान काश्यिमेक्क्य-अत मान। रायान प्राप्त ভाরতবর্ষের পঞ্জীবাদ গড়ে উঠেছে, সেখান থেকেই ভারতবর্ষের নাাশনাল কন্সেপশন ভেভেলপ করে উঠছে। এই জিনিস ইংরাজী সাহিত্যের মার্কথান দিয়ে এসেছে। এ-কথা ভূলে গেলে চলবে না যে, সায়াজাবাদী শোষণ এক জিনিস আর ভাষা আলাদা ভিনিস। ব্রিটীশ সাম্বাঞ্জাবাদকে আমরা ঘুণা করি, ব্রিটীশ সাম্বাঞ্জাবাদী শোষণের বিরুদ্ধে আমরা লড়াই করেছি কিন্তু দেশবাসী ইংরাজী ভাষার বিরুদ্ধে লড়াই করে নি। ইংরাজী ভাষা সাম্রান্সাবাদীদের একমার ভাষা নর, এটা ইংরাজ প্রমিকের ভাষা, চাষীর ভাষা এবং ইংরাজ জাতির মধ্যে শোষিত জনসাধারণের ভাষা। সেইজন্য এই ভাষার বিরুদ্ধে আমাদের আক্রমণ নর। আমাদের আক্রমণ ছিল সাম্ভাজাবাদী শোবণের বিরুদ্ধে। স্তরাং দুইটিকে কর্নাফউক করার চেন্টা আমি অবাদতর বলে মনে করি। সতেরাং এই সমস্ত জিনিসগুড়ি, কশ্সিডারেশন-এ আনা উচিত। আমি মনে করি ইংরাজী বাদি থাকে তাহলে কোন ক্ষতি হর না কিন্তু হিন্দীকে বদি চাপিরে দেওয়া হয় তাহলে একটা অস্ক্রবিধা আসবে। শাসনিক দিকের চেরেও কালচারাল দিকটা আমি আরো বেশী মনে করি। প্রশাসনিক কথা আমার বিকো বিবর নর। আমি মনে করি উন্নত ভাবার সংস্পেশে বাদ আমরা আসি ভারতে উন্নত

ইংরাজী ভাষার মধ্যে যে-সমস্ত গণে আছে, উল্লক্ত চিস্তা প্রকাশের যে সুযোগ আছে, সেই র যোগ নিতে পারবো। মনে র খা দরকার যে, ভাষা কেবলমাত প্রকাশ করার বাহন নয়, ভাষা চিন্তার বাহন এবং ভাষা ছাড়া কেউ চিন্তা করতে পারে না। সেইজন্য এই বাহন যদি দুর্ব'ল হয় তাহলে চিন্তার প্রকাশও দর্বল হয়ে পড়বে দ অর্থাৎ একটা আনডেভেলপড ল্যাংগুরেঞ দিয়ে তেভেলপড থট যে এক্সপ্রেস করা যায় না. সেটা বোঝার দরকার আছে। বিজ্ঞানক স.ষ্ঠ,ভাবে প্রকাশ করতে গেলে সেই প্রকাশের উপযুক্ত ভাষার দরকার আছে। দার্শনিক চিন্তাকে প্রকাশ করতে গেলে সেই রকম স্কুত্র উন্নত ভাষার প্রয়োজন আছে। সংস্কৃতির বিভিন্ন ক্ষেত্র প্রকাশ করতে গেলে উন্নত ভাষার প্রয়োজন আছে। আমি মনে করি ইংরাজী এদিক থেকে অনেক উন্নত ভাষা। এর অর্থ এই ব্ঝায় না যে, ভারতীয় ভাষাকে আমি খ্ণা করছি, আমি শ্ধ্ দেখাতে চাই যে, যার যা স্থান তাকে তা দেওরা উচিত। অর্থাং কাণা-ছেলেকে পশ্মলোচন বলার অর্থ তাকে ভালবাসা নয়, মাতৃভাষাকে ভালবাসি বলে কি আমি ন্যাশনালি উগ্ন হয়ে যাবো যে, আমার ভাষা প্রচণ্ড উন্নত এবং তাতে সমুহতই একুপ্রেস করা যায়। আমার মনের ভাব এই যদি হয় তাহলে কে আমার মাতৃভ ষার উল্লতি সাধন করবে, কে অ মার মাতৃভাষার দোষত টি কাটিয়ে নিয়ে গিয়ে তাকে এগিয়ে নিয়ে ধাবার চেণ্টা করবে, সেটা বোঝা দরকার। স্তরাং যার যা ন্যায়্য স্থ:ন তাকে তা দিতেই হবে। ইংরাজ্ঞীকে ন্যায়া স্থান দেবার ব্যাপারে কেউ অস্বীকার করে নি। এবং যদি তা থাকে তাহলে কি ক্ষতি হতে পারে। আজ্কোল একটা কথা উঠছে যে, ইংবাফী জনতার ভাষা নয়, হিম্দী জনতার ভাষা। আমি এখানে অত্যত বিনয়ের সঞ্জে জি**ল্লা**সা করছি যে, কোন হিন্দ**ি** জনতার ভাষা, খাড়িবলি হিন্দী যেটাকে ইউনিয়ন লাাংগ্রেফ করতে যাচ্ছেন, সেটা কি জনতার ভাষা। আপনারা কি জানেন না যে ৮ হাজার উন্দ্রিসভা ছতুমার্গের নামে এই খাড়িবলি িংপী থেকে এই সরকার বাদ দিয়েছেন। যে ভাষাকে স্যানসক্রিটাইজড হিন্দী করতে যাছেেন, সে ভাষা জনতার ভাষা নয়। যে হিন্দী ত'রা এয়াকসেণ্ট করতে যাছেনে, সেই ভাষায় কি কেউ কথা বলে? যারা বলেন যে হিন্দীতে বললেই ব্ঝা যায় তারা একবার খাড়িবলি ভাষায় বলে দেখনে ক'টা লোক বোঝে। স্তরাং ও অবগ্রেফট দেবেন না যে, জনতার ভাষা **বলে এটা গৃহীত হবে। স্তরাং যদি সম**স্ত দিক বিবেচনা করে দেখেন, তাহলে আমি মনে করি যে, ইংরাজনীকে যদি আমর। রিটেনশন করি তাহলে কোন ক্ষতি নেই। কারণ এটা ইউনিয়ন করেসপন্ডেস্স-এর ব্যাপার, কমিউনিকেশন-এর ব্যাপার এবং এতে অস্বিধার কোন কারণ নেই। বরং হিন্দীকে যদি চাপিয়ে দেন তাহলে হিন্দী এ।।ग্ড নন-হিন্দী স্পিকিং-এর মধ্যে একটা অস্ববিধা হবে। এর একটা প্রাাকটিক্যাল ডিফিকালটিজ আছে অর্থাৎ যারা হিন্দী বলতে পারেন তাঁরা একটা এয়ডভান্টেজিয়াস পজিশন-এ বাবেন, কি সরকারী চাকরিতে, কি পরীক্ষার বা।পারে। মিঃ স্পীকার, সাার, আপনি অফিসিয়াল লাাংগ্রেজ কমিশনের রিপোর্ট পড়ে নিশ্চয় দেখেছেন যে, তারা প্রাইমারি সেকশন-এ হিন্দী কম্পালস্ত্রি, শেকেন্ডারি সেকশনে হিন্দী কম্পালসরি করছে এবং ইউনিভাসিটির ক্ষেত্তেও বলছেন যে ছিন্দীকে সেখনে চাপিয়ে দেওয়া হবে। এইভাবে হিন্দীকে যদি ভারা চাপাতে চায় তাহলে সংস্কৃতির দিক থেকে যে কথা নিয়ে তারা বলছেন, যে বাংলা হবে আমাদের মিডিয়াম অফ ইনন্দ্রীকশন সেখানে সেই প্রচেণ্টাকে তারা বানচাল করার চেণ্টা করছে। শুরু তারা অফিসিয়াল ল্যাংগ্রেজ হিসাবে রাখতে চাচ্ছেন না, আজকে একে অফিসিয়াল ল্যাংগ্রেজ করে কালকে न्ताणनान न्तारश्ट्रहाक- a त्भ प्रवात राज्यो हनरह। स्मरेकना आग्नि मस्न कृति स्व. शीरत शीरत অর্থ বার করে সমুস্ত জারগাকে গ্রহণ করে নেবার তারা চেন্টা করছেন এবং তখন বৃদ্ গলা বন্ধ হয়ে যায় ভাহলে ইট উইল বি ট্র-লেট। তাই আমি মনে করি বে-সমুস্ত প্রস্তাব এসেছে, সেই সমস্ত প্রস্তাবকে বিবেচনা করে একটা ইউনাইটেড প্রস্তাব এখান থেকে গ্রহণ করা দরকার এবং সেই ইউনাইটেড প্রস্তাবের ভিত্তিতে সাধারণ মানুষের দাবী হিসাবে আন্দোলন গড়ে তোলা দরকার। এবং সেই আন্দোলনকে যদি সুষ্ঠুভাবে পরিচালিত করতে পারি তবেই আমাদের দাবী স্বীকৃত হবে, এই কথা বলে আমার বন্ধতা আমি শেব করলাম।

Sj. Satyendra Narayan Mazumdar:

মাননীয় স্পীকার মহাশর, আমার বন্ধতার আগে মাননীয় বন্ধ, স্বোধ বাব, কতকগালি প্রদান করে ভালাই করেছেন এবং আমি আমাদের উত্তরও তাঁকে দেব। প্রথমে আমি বলতে চাট যে এই বিষয়ে আমাদের বে নীতি সেটা আমরা পরিস্কারভাবে ঘোষণা করেছি এবং করব। আমরা যখন কোন বিষয়ের উপর নীতি ঠিক করি তখন সেটা কোন সামরিক উল্লেখনা বা স্ববিধার ভিজিতে ঠিক করি না এবং আমাদের মূল নীতির সপো স্পাতি রেখেই আমরা নীতি ঠিক করি। এখানে একটা কথা বললে অপ্রাসন্পিক হবে না বে, পালামেন্টে যখন রাজ্য প্রনগঠন কমিশনের প্রস্তাব নিয়ে বিতক চলছিল তখন অন্যান্য রাজনৈতিক দলের সভাদের ভেতর দেখা গিয়েছিল যে এক প্রদেশের সভা অনা প্রদেশের সভাদের বিরুদ্ধে এটা আক্রমণ করছেন। এটা আ্রি কার্য উপর কোন অপ্রম্থা থেকে বলছি না বাস্ত্র সত। যা সেখানে দেখেছিলাম সেটাই বলছি যে সেখানে একই রাজনৈতিক দলের সভা হওয়া সভেও প্রদেশ গঠনের ব্যাপারে তারা একমত হ'তে পারেন নি। কিন্তু একমাত্র আমরা সেখানে আমাদের মলে নীতির উপর দাঁডিয়ে বে-কোন প্রদেশের প্রতিনিধি হই না কেন, আমরা একবাকে। এই প্রদেশ প্রনগঠন বা ভাষাভিত্তিক রাজ্ঞা গঠনের ব্যাপারে এক মত দিয়ে এসেছি। অতএব সেই নীতি হিসাবে আমরা বলব যে, সরকারী ভাষা কমিশন যে মনোভাবের উপব দাঁড়িয়ে তারা যে নীতি নিয়েছেন আমরা তার সম্পূর্ণ বিরোধী। কারণ তাবা একটা অতি উগ্র অসহিক্ মনোভাব নিয়ে হিন্দীকে চাপিয়ে দেওরার মনোভাব নিয়ে যেতাবে অগ্রসর হয়েছেন তাতে ভারতের ঐক। কাহত হতে বাধা। সাতরাং আমরা তার তীর

16-25 6-35 p.m.)

বিরোধিতা কবি। এই প্রশ্ন বিবেচনার সময় যে নাতিগালি নিতে আমরা চাইছি সেই নীতিগালির क्या সংক্রেপে আমাকে বলতে হবে। কেননা এখানে আলোচনা শার, হয়েছে শাধা বাংলা ভাষারই নয়, সবকার পক্ষ সংশোধনী প্রস্তাব দিয়ে আলোচনার পরিধি বাড়িবে দিয়েছেন। সেই যে মূল প্রদতার বাংলা ভারা করার প্রদতার সেটা থানিকটে ধামাচাপা পড়ে গিয়েছে, এবং আলোচনার ক্ষেত্র বেডে গিয়েছে এবং যে বিত্রক' আশুন্ত হয়েছে সে বিত্রকের দিক থেকে সতা বার করতে গেলে কতকগালি মাল নাতির প্রদম ওঠে অর্থাৎ ভারতের ঐকেরে ও বিকাশের দাণিউভগাী থেকে ভাষ্ণত নীতি বিচাবের প্রণন ভারতের বিভিন্ন ভাষাগোষ্ঠীকে বিভিন্নভাবে প্রকাশের ও বিকাশের সম্পূর্ণ সাযোগ দিলে তবেই সেই পথে ঐকা শক্তিশালী হতে পারে। একথা আগেও বলেছি আবারও বলি জনগণের যে বিকাশ, জনগণের যে স্থিপ্রতিভা তার কিভাবে প্রশাপ বিকাশ হতে পারে সেই দুট্টিভূপ্যী নিরে আমাদের ভাষার প্রশ্নে অগ্রসর হতে হবে। এবং এমন নীতি নিধারণ করতে হবে আমাদের বাংলায় বাংলা ভাষার জনা যে নিরম যে আঁধকার দাবী করছি সেই নিয়ম সেই অধিকার ভারতবর্ষের প্রভাক ভাষাগোষ্ঠী বাতে লাভ করতে পারে সেইটে দেখতে द्दा । वारमात्र त्व भरभामघ, ভाষाভाষীता तरहर्ष्ट जात्मत्र भक्मकात्र वाभारत स्मर्ट अक्ट मामनीजि নিরে আমাদের অন্তুসর হতে হবে। অর্থাৎ সর্বাচই দেখতে হবে জনগণের বিকাশ কোন পথে হবে। আন্ত সেই একই নীতি থেকে আমাদের কথা ভদু বাহাদার বে প্রস্তাব এনেছেন--দার্জিলিং জেলার পাহাড় অঞ্চলের প্রশাসনিক ভাষা হিসেবে নেপালী ভাষাকে গ্রহণ করা হোক, এবং নেপালী ভাষা বিকাশের সম্পূর্ণ সূরোগ দেওরা হোক -সেটা আমরা সমর্থন করি। আমরা যে সংশোধনী প্রসভাব এনেছি সেই প্রসভাবে বাংলাকে বেমন অবিলন্তে সরকারী ভাষা করবার কথা বলেছি সংগ্র সংশ্য বিধান সভাব কক্ষে অবাশ্যালী ভাই বাঁরা আছেন তাঁরা বাতে মাতভাবার তাদের কথা বলবার স্যোগ পান আমাদের বাংলা দেশে সংখ্যালঘু বারা আছেন, তারা বাতে তাদের মাতৃভাষার শিকা-লাভের সংযোগ পান সেই দৃশ্ভিভপী নিয়ে আমরা বিচার করব। এবং সেই বিচার করতে গেলে তিনটে প্রদেনর বিষয় চিন্তা করতে হয়। প্রচেদিক বা আঞ্চলিক ভাষা, কেন্দ্রীয় ভাষা, আর একটা হল্কে বিশেবর আধুনিক চিন্ডাধারার ভাষা, অর্থাৎ আন্তর্জাতিক বোগ রাধবার ভাষা। এখানে আমি মনে করি কেন্দ্রে সরকারী ভাষা সেটা নির্যারণ করার আগে কতকগালি প্রাণত ঠিক করা উচিত। এখনই আন্নামের প্রধান প্রধান সমস্ত ভারতীর ভাবাকেই জাতীর ভাবা বলে স্বীকার করতে হবে। এবং সম্রুত ভাষাভাষীকেই মাতৃভাষার মাধ্যমে শিক্ষালাভের সুযোগ দিতে हरत अवर शास्त्रहरूद विकारमञ्ज कता कारका एक निर्वातम कहास हरत।

পরের প্রন্ন আন্তর্ভাষা। কেন্দ্রীয় সরকারের ভাষার প্রন্নটাকে আমরা ঠিকভাবে রাখতে পারি নি। আন্তর্ভাষা যাই হোক, কেন্দ্রীয় সরকারের ভাষা যাই হোক তার কাজের ক্ষেত্র নিধারণ করে দিতে হবে সামিত উদ্দেশ্যে। এবং সেটা পরিক্ষার ঘোষণা করতে হবে। কেন্দ্রীয় সরকারের ভাষা বাই হোক তার অন্য ভাষার ক্ষমতা ক্রম করবার অধিকার থাকবে না। তারজন্য তার সীমা নিধারণ করে দিতে হবে, সেই সীমার মধ্যে তার কাজ করতে হবে। এই হচ্ছে আমাদের নীতি। रव अन्न मृत्वाध वाव, जुलाह्म, এवः या अन्न अना आलाह्मात प्रधा पिराव छेटहेरह, किल्सुत সীমিত উন্দেশ্যে সরকারী ভাষা কি হবে? আজকে ইংরেজী রয়েছে, এবং শুখু সরকারী ভাষা ছিসেবেই নয়, সমুস্ত ক্ষেত্রেই ইংরেজী রয়েছে। আমরা পরিক্ষার মনে করি ইংরেজী বেভাবে আছে সেইভাবে থাকতে পারবে না. সম্ভব নয়. উচিতও নয়। কেননা জনসাধারণের বিকাশের জন্য তাদের নিজের ভাষার উর্নাতির স্যোগ দিতে হবে। কেন্দ্রে যদি চিরকালের জন্য ইংরেজী রেখে দেওয়া হয় তাহলে আমরা যারা নাকি ৫ বছর বয়স থেকে ইংরেজী অভ্যাস করে আসছি, তাদের পক্ষে অবশা কিছ্টো সূবিধা হবে, কিন্তু আমাদের দেশের বেশির ভাগ লোক রয়েছে যারা ইংরেঞ্জী জানে না তাদের পক্ষে সেটা গ্রহণ করা সম্ভব নয়। ভারতবর্ষের বিভিন্ন রাজনৈতিক প্রতিষ্ঠানে এবং বিভিন্ন সম্মেলন ও সভাসমিতিতে আদান প্রদানের প্রশন যথন ওঠে সেখানে ইংরেজী বদি থেকে যার, মুন্টিমের ইংরেজী জানা শিক্ষিত যারা সর্বভারতের ক্ষেত্রে নেতৃত্ব তাদের হাতেই থেকে বাবে। জনসাধারণের বিকাশের পথ সেথানে রুম্ধ করে দেওয়া হবে। ইংরেজীর দুটো দিক আছে। ইংরেজীর যে অবদান আমাদের সাহিত্যের বিকাশে, চিন্তাধারার বিকাশে রয়েছে সেটা যেমন স্বীকার করতে হবে সংখ্য সংখ্য একথাও ভুললে চলবে না ইংরেজী যে স্থান নিয়েছে তার সবটা ভারতবাসী ইচ্ছায় নেয় নি। রামমোহন, বিদ্যাসাগর ইংরেজী শিক্ষার প্রবর্তন করেছিলেন, কিন্তু ইংরেজীকে যদি সমুহত ব্যাপারেই সরকারী ভাষা না করে, ইংরেজীকে যদি শিক্ষার মাধ্যম না করে মাতৃভাষাকে যদি শিক্ষার মাধ্যম করা হ'ত তাহলে তার বিকাশ ত হ'তই এবং ইংরেজীর জ্ঞানভান্ডার থেকে সম্পদ আহরণ করে নিতে পেরে তার বিকাশ বেশি হ ত। ইংরেজনিক সরকারী ভাষা করবার জন্য সংবোধ বাবং ইংরেজনীর স্বপক্ষে যে যান্তি দিয়ে গেলেন যে, ইংরেজী শ্ব্ব, ইংরাজ শ্রমিকদের ভাষা, সাম্রাজাবাদীর ভাষা নয়, তাহলে, হিন্দুস্থানী প্রমিকদের ভাষা গেল কোথায়? আমাদের এই বাংলা দেশে অর্গণিত প্রমিক জনসাধারণ, তিন্দী ভাষাভাষী যে ভায়েরা রয়েছে তাদের হিন্দী ভাষা কি ভাষা নয় ? তাঁর যে যুক্তি সেটা অনুসরণ করলে বলতে হয় যে ইংরেজ না এলে ভারতবর্ষের বিকাশ হ'ত না। জাপানেও ত বিকাশ হয়েছে, সেখানে ইংরেজী ভাষা থেকে বিকাশ হয় নাই, তারা ইংরেজী ভাষা ও বিভিন্ন বিদেশী ভাষা থেকে যা নেবার নিয়েছে, নিয়ে নিজেদের মাতৃভাষাকে উল্লভ করেছে, এবং তার মারফং নিজেদের বিকাশ সাধন করেছে। কেন তাহলে আমাদের দেশে এটা একটা ঘান্তি হবে যে ইংরেজ না এলে আমাদের বেশি বিকাশ হ'ত না? আমরা যা মনে করি তা হচ্ছে এই যে উচ্চ শিক্ষার ক্ষেতে, ও আধুনিক চিন্তাধারার সন্গে যোগাযোগের জন্য ইংরেজী থাকবে, কিন্তু একথা পরিন্কার ঘোষণা করতে হবে লে, ইংরেজী আজ্ঞায়ে অবস্থায় আছে সে অবস্থায় থাকতে পারে না। সমস্ত প্রদেশের ইংরেজী শিক্ষিতদের, বৃদ্ধিঞ্চীবীদের পরিধ্কার বৃঞ্জে হবে ইংরেজী শিক্ষার মাধাম থাকায় ষেমন অনুনক জিনিস পেয়েছি তেমনি জনগণের সংগ থেকে আমরা বিচ্ছিন হয়েছি। আমরা যখন বাংলায় কথা বলি তখন ইংরেজী ইডিয়মএর সাহাযো ইংরেজী ধরনের বাকা প্রয়োগ করি, তাই জনসাধারণের সংশ্যে ইংরেজী শিক্ষিতদের হাদয়ের যোগ নাই। সে যোগসূত নৃতন করে আবিম্কার করতে হবে।

এখন প্রশন রয়েছে ইংরেজী কডদিন থাকবে বা থাকবে না। আমাদের সংশোধনী প্রস্তাবে আমরা বলেছি, ইংরেজী উচ্চ শিক্ষার জনা রাখতে হবে কিন্তু শিক্ষার মাধ্যম সম্পূর্ণ, উচ্চ শিক্ষার সতরে পর্যন্ত মাড্ডাবাই হবে। এবং রাজাসরকারের ভাষা বাংলা রাখতে হবে। কাজেই সর্ব-ভারতের ক্ষেত্রে, কেন্দ্রীর সরকারের বিলে যে প্রশন উঠেছে ইংরেজী আর কডদিন পর্যন্ত থাকতে পারে, কি থাকবে মা এটা বাস্তব প্রশন। নীতি হিসাবে দেখতে গোলে, আমরা মনে করি, চিরকাল ইংরেজী থাকতে পারে না। সেখানে একটা ভারতীর ভাষাকেই আসতে হবে। কিন্তু ঐ বা আমি বলেছি একটা ভারতীর ভাষাকে সামিত উন্দেশ্যে সরকারী ভাষার স্থান নিতে হবে এটা মনে রাখতে হবে পরিক্ষারভাবে। এখানে কোন সম্পোচ বা ন্বিথা আমাদের নাই। আমাদের জাতীর

विकारमञ्ज सन्म की असासन। क्षेत्र विराजनात मिक श्वास, वान्यवित मिक श्वास वीम श्वासन, হিন্দী ছাড়া জার কোনও ভাষা কি এই স্থান নিতে পারে? তা পারে না। পালামেকে বক্তি আমরা বস্তুতা দিতে বাই তখন বস্তুতা দিতে দিতে আমরা চাই আমাদের কথা সকলে যদিও না বঞ্জতে পারে বেশি সংখ্যক লোকেই ব্রুতে পারে। স্তরাং বেশি সংখ্যক লোকে ষেটা ব্রুতে সেই ভাষাতেই আমাদের বলতে হবে। আর মাতৃভাষা সর্ব ক্ষেত্রে প্রীকার করে নেওরাও এইজন্য বে সব স্থানেই বেশির ভাগ লোক ব্*রতে পার্*বে। এবং আমাদের জাতীর আন্দোলনের সময় ध्यंक हिन्मी रमष्टे न्यान अधिकात करत निराहर कलको। हैरदाक्षीत बातगात वाश्नारल मर्वाधावलीक ক্রান্ত করা অসম্ভব, সেধানে হিন্দীতে কাজ করা সম্ভব। আজ বেখানেই শিল্পাণ্ডল, বেখানে বিভিন্ন ভাষাভাষী শ্রমিকেরা এসে কেন্দ্রীভূত হয় সেখানে একটা ধরনের হিন্দী চলে গেছে। এখন हिम्मीत त्र कि हरत वा हरत ना स्मिशे शरतत श्रम्म। स्मि विषय आब्य अक्मल लारकत या मुन्धि-ভণ্গার পরিচয় পাওয়া বাচ্ছে তার সংগ্যে আমাদের মৌলিক দৃণ্টিভশ্যার প্রভেদ রয়েছে, তাঁরা যে ধরনের হিন্দী চালাতে চান সে ধরনের হিন্দীর সপো আমরা একমত নই। আরু হিন্দী জোর করে চাপিরে দেওয়া অন্যায়। এটা আমাদের এই পরিপ্রেক্ষিতে দেখতে হবে যে, শেষ পর্যান্ড কেন্দ্রে সরকারী ভাষা হিসেবে একটা ভারতীয় ভাষা নিলে সে হিন্দী ছাড়া আর কিছু হতে পারে না। বদি হিন্দীকে সরকারী ভাষা হিসেবে নেওয়া হয়, নিতে হবে সীমিত উদ্দেশ্যে। ব্যবহারের দিক দিয়ে তার পরের যে প্রশ্ন সেটা হ'ল সেটা কবে হবে ?

এটা আমাদের মনে রাখতে হবে যে, শেষ পর্যান্ত কেন্দ্রের সবকারী ভাষা হিসাবে একটা ভারতীয়া ভাষাকে নিলে সেই ভাষা হিল্প ছাড়া অনা কোন ভাষা বাবহাবের দিক থেকে হ'তে পারে নাঃ পরিম্কারভাবে ঘোষণা করতে হবে যে, আমরা যেটা দাবী করি যদি হিন্দীকে কেন্দের সরকারী ভাষা হিসাবে নেওরা হয় তাহলে নিতে হবে সীমিত উদ্দেশ্যে, হিন্দীর শ্রেষ্ঠতার দিক থেকে নয়, বাবহাবের দিক থেকে বাস্তবতার দিক থেকে নিতে হবে। তারপরে সেখানে প্রশন হ'ল ছে. সেটা কবে হবে এবং একটা বড় প্রণন বিশেষভাবে ইংরাজী শিক্ষিত বৃষ্পিঞ্চীবীদের মধ্যে বেটা এসেছে সেটা হচ্ছে আশংকার ব্যাপারে: আমি বিভিন্ন জিনিস অধায়ন করে দেখেছি বে একটা आगम्का डौरम्ब भरत आर्छ या दिम्मीरक योग मौधि छेरम्मर्गा स्वीकात करत निष्टे अनिमिन्धेकाल পরে আসবে বলে যদি স্বীকার করে মিই তাহলে হিন্দী ছ'চের ফাল হয়ে এসে লাগালের ফাল रस्य द्वत्राद्व এर यामध्काने रस्य भवस्त्रस्य वर्ष कथा। এर यामध्काने व्यामस्याने स्वामा क्रिमारानद्र मद्रान । এই আশभ्कारी मृद्र क्यांव क्रमा मृद्रम् এकरी स्निर्णिक मिक स्थार्क नग्न वाष्ट्रव নিক থেকে যে প্রস্তাব নিয়েছি কেন্দ্রের সরকারী ভাষা হিসাবে, কোন ভারতীয় ভাষা প্রবর্তন হিসাবে, পূর্বে শূর্ত হিসাবে কতকগুলি কাজ করতে হবে। সমুস্ত প্রধান প্রধান ভারতীয় ভাষাকে জাতীয় ভাষা হিসাবে স্বীকৃতি দান। সমুহত ভাষার সমানাধিকার স্বীকৃতি দান, সমুহত রা**জ্য** আঞ্চলিক ভাষাকে সরকারী ভাষা হিসাবে গ্রহণ এবং কেন্দ্রের ব্যাপারে সামিত উদ্দেশ্যে হিন্দী আসবে কখন সেটা ঠিক হবে অহিন্দী ভাষী বারা তারা কতথানি সে সম্বন্ধে প্রস্তৃত হরেছেন তাদের মতামত নিম্নে তাঁরা দেবছায় করে থেকে সামিত উদ্দেশ্যে হিন্দাকৈ সরকারী ভাষা হিসাবে াবহার করতে চান তার উপর নির্ভার করবে সেই তারিখটা এবং সেখানেও কতকগালি জিনিস धकरव। आधि अस्तरकत मस्भ वारमाठना करत रामधनाध रव, भामीस्थरणेत वक्कुणात्र मा दश दिम्मी স্থানে থাক কেননা ইংরাজী শিক্ষিত যারা নন তাদের সেখানে অসুবিধা হয় কিম্তু সঞ্চলতেও গ্রুকরির ক্ষেত্রে ইংরাজনী থাকে থাক, আমরা বঙ্গছি না যে এই আশংকাটা অসংগত, কিন্তু সেখানে মামরা যে মৌলিক নীতি থেকে অগ্রসর হক্ষি সেই নীতি অনুযারী গেলে সেই আলংকার পথ গ্ৰামরা ৰন্ধ করে দিতে পারি। সেটা হবে কি, না বর্তদিন পর্যন্ত একটা ভারতীয় ভাষা একমার ারকারী ভাষা হিসাবে না হয় ততদিন পর্যাস্ত পর্যাস্থালয়ে প্রতিবোগিতাম্বাক প্রশীক্ষা তা বলি रुष्पी ना रुप्त, निरक्षत्र बाञ्चायात्र ना रुद्र ठरूत हैरबाक्षीर्फ म्बद्धा हमस्य-रिक्षीकारी वाता छास्पद् মনা ভারতীয় ভাষা শিশতে হবে বেমন ক্ষিত্রকার্ট্রেরে হিন্দী শিশতে হবে এবং হিন্দী**তে** ব্ৰীকা দিতে হবে তেমনি আবার হিন্দীভাষীদের অহিন্দী ভাষায় গরীকা দিতে হবে এটা যদিও সম্ভব্দে বাধ্যভাষ্টলক হতে পারে না। আমি একটা কথা শনেকাম যে, ১১ লেগীর বে পুরুষ হয়েছে স্বানে ছিন্দী ৰাধ্যতাম্পৰ করা হয়েছে, শুধ্ তাই নর, বলা হয়েছে হিন্দীতে পাস করুত

না পারতে গোটা পরীক্ষার পাস হবে না--আমরা তার বিরোধী। অহিন্দীভাষীরা বেমন হিন্দী ভাষা শিখবে, হিন্দীভাষীদের তেমনি অন্য ভাষা শিখতে হবে কিন্তু তাতে পাস করাটা বাধ্যতা-ম্লেক হবে না। এই রকম কতকগ্লি ব্যবস্থা করে নিতে হবে।

তারপরে স্যার, একটা কথা বলে আমি শেষ করছি যে, সংস্কৃতের কথা উঠেছে। আমরা পরিজ্ঞারভাবে বলতে চাই যে, সংক্ষতকে গবেষণার ভাষা হিসাবে আমরা নিশ্চরই শ্রুষা করি, ভাকে গ্রহণ করতে হবে, তাকে সমস্ত রকম সহায়তা দিতে হবে কিন্তু সংস্কৃতকে এনে আভকে বুদি কেন্দ্রের সরকারী ভাষা বা আনুষ্ঠানিক ভাষা হিসাবে নিতে চাই তাহলে তার পেছনে মূল দ্রণ্টিভগ্গীটা কি রয়েছে: সংস্কৃতকে সরকারী ভাষা হিসাবে নেয়া যেতে পারে কিস্তু সেখানে একটা জিনিস পরিক্ষার বলতে চাই যে, জনগণের বিকাশের দৃষ্টিভশ্গী নিয়ে যদি আমরা দেখি ভাহলে পরিম্কার স্বীকার করতে হবে যে, সংস্কৃত তার পক্ষে অবোগা। এটা আমার কথা নয়, কর্কতভেড্না শিক্ষা কমিশন পরিক্ষারভাবে বলে গেছেন যে, সংস্কৃত কেন্দ্রের সরকারী ভাষা করার পর দেখলাম যে, সংস্কৃত নৃতন করে শেখা দরকার। বাদি আমাদের অতীত ঐতিহ্য নিয়ে এগালি গবেষণা করতে চাই তাহলে সংস্কৃতের অনেক গরেম্ব আছে কিল্ড সেটা কখনও এরকমভাবে বাবহাত হতে পারে না কেননা সেটা কোনদিন জনগণের ভাষা ছিল না, সেটা সীমাবন্ধ শিক্ষিত লোকের ভাষা ছিল। আমরা যদি এই দৃণিউভগা না নিই তাহলে মুণিটমের কতকগুলি শিক্ষিত লোক আধিপতা করবেন, জনগণের বিকাশের কোন স্বযোগ দেওয়া হবে না। সেই দ্ভিভঞ্গী বুদি আমরা বর্জন করি তাহলে সংস্কৃতের প্রশ্ন আসে না। আনুষ্ঠানিক ব্যাপারেও বলছি যে, এতে এর মূলা বাড়বে না, আনু-ঠানিকভাবে দেখিয়ে দেবেন ঐ যে বলে দেবতাকে প্রভাও দেওয়া হ'ল, তার বিরুখে অনেক কাজও হ'ল। আমাদের ধর্ম নিরূপেক্ষ রাণ্ট্র কান্ডেই তা থেকে নানা রকম প্রশন আসতে পারে।, তারপর আমাদের দেশে আদিবাসী বহু রয়েছে যাদের সঞ্চে সংস্কৃতের কোন সম্পর্ক নেই। আমি এখানে বলছি যেমন ইংরাজীর স্থান আছে, উচ্চশিক্ষার ক্ষেতে ইংরাজী শিখতে হবে, মাধামিক পর্যায়ে নয়, তবে শিখতে হবে, আধ্,নিকতম চিত্তাধারার সংশা যোগ ক্সাখার জন্য শিখতে হবে, আন্তর্জাতিক যোগাযোগ রাখার জন্য শিখতে হবে সংস্কৃতকে গ্রেষণার ভাষা হিসাবে শিখতে হবে, সমুহত রুক্মে তার বিকাশ সাধন করতে হবে। এই বলে শেষ করার আগে আমি এটা বলছি যে, এই দৃণ্টিভশা নিয়ে যদি আমরা যাই তাহলে আশা করি যে, দেশের **ला**रकत्र मामरन आमता ममाधानके उर्का धृतरः भारत।

The Hon'ble Bimal Chandra Sinha:

भाननीत म्भीकात भशागत. आकारक छावा निर्देश अत्मक आर्रिकानना शरहाइ । এत भर्गा अर्मक কথা উঠেছে। আমার মনে হয়, সুবোধ বাব, যে কথা বলেছেন সে কথার দিক থেকে আমাদের क्रिमिमणे বিচার করা ভাল। আমার পূর্ববতী বস্তা এখানে জনগণের বিকাশের জন্য যে নানা ৰুখা বললেন তিনি তার বাকচাত্বে এই সভাকে থানিকটা মূ'ধ করলেও আসলে যে সমস্যা সেটাকে কথার কুরেলিকার আব্ত করেছেন বলে আমি মনে করি। তার কারণ হচ্ছে তিনি বদি জনগণের কথা ভাবেন সেই সংখ্য তিনি একথাও বলছেন যে, তার জনা হিল্পীর প্রয়োজন। হিল্পীর যদি প্ররোজন থাকে তাহলে আমি একথা মনে করি যে, ভারতবর্ষের কোটি কোটি জন-সাধারণের শতকরা পাঁচ ভাগের বেশি লোক কখনও সূপ্রীম কোর্টে বাবে না, কখনও আই সি এস পরীক্ষা দেবে না, কখনও কেন্দ্রীর সরকারের কাছে চিঠি লিখবে না, তারা বড় ভোর গ্রাম খেকে বেরিরে মহকুমা হাকিমের দরবারে মামলা করবে বড় জ্বোর রাজ্য সরকারের কাছে একটা সেটেল-सम्हे किश्वा शक्ता मक्रवह महशान्छ कहरत । कारकर वीम आमहा अभीगत क्रमाधाहरणह कथा छाति। আমাদের তথনি স্পন্টর্পে ছোবদা করে দিতে হবে বে কথা আজকে বহু মাননীর সদস্য বলেছেন এবং বার সংখ্য আমি সম্পূর্ণ একমত বে, আজকে প্রত্যেক প্রদেশে সেই প্রদেশের ভাষাকে রাজ্য ভাষার সম্মান দিতে হবে—সেটা হচ্ছে প্রথম কথা। সে সম্বন্ধে কোন তক ধাকতে পারে না। माहे विवरत कान आर्थ (अन्येश स्थान नाहे। त्र विवरत कान स्थित वा स्वरूप व्यवकान नाहे। ক্ষেত্রস পক্ষের বে রেছলিউশন হরেছে এ্যাফেডফেন্ট হিসাবে তার মধ্যে একথা স্পন্ট আনা আছে। আৰার বদি সময়ণে ঠিক থাকে তাহলে আমি বলি কমিউনিস্ট পাটি থেকে বে রেজলিউসন আনা

হয়েছে তাতে কেবলমাত্র বলা হয়েছে বে, এই সমরের মধ্যে বাংলা ভাবাকে বাংলার রাজ্যভাবার সম্মান দেওরা হোক। সে বিষয়ে কোনও মডের তফাং নেই। সে বিষয়ে বিন্দুমান্ত কোন তকে'র অবকাশ নেই। কিন্তু আমরা যদি সেখানে থামি, যেমন কমিউনিন্ট পার্টির রেজলিউশন খেমেছে তাহলে মাতৃভাষা এবং রাজাভাষার উপর যে আক্রমণ শ্বে, হয়েছে, সেই আক্রমণকে আমরা প্রতিহত করতে পারব না। আজকে সর্বভারতীর ভাষার বিষরে প্রশন উঠত না, তা নিয়ে হয়ত আমরা বেশির ভাগ মাধা ঘামাতাম না--র্যাদ বেটাকে আমরা সরকারী ভাষা বলে আলোচনা কর্বাছ সেট সেই সরকারী ভাষা হবার ছাতোয় তার পরিধি বিশ্তার করতে করতে ভারতবর্ষের মধ্যে সর্বগ্রাসী বুপ না নিত। যারা অফিসিয়াল ল্যাংগুয়েন্ড কমিশনএর রিপোর্ট পড়েছেন তারা ভাল করে विराविक्ता कर्ताल एमधार भारतम एवं वला इराहाइ एवं भौष्यिक छेरम्मरमा एवं कथा मक्कामान महामञ्ज বলেছেন সেই সীমিত উদ্দেশ্য সফল করার জন্য ভারতবর্ষের প্রত্যেক গ্রামে গ্রামে আজকে প্রাইমারি দেউজএ সেখানে বাধ্যতাম লক হিন্দী পড়ান হচ্ছে। ৮৬ পাতার বলা হয়েছে বে অহিন্দীভাষীরা হিন্দী পড়তে বাধ্য কিন্ত হিন্দীভাষীরা কেন অহিন্দী পড়তে যাবে? বারা অহিন্দীভাষী তারা যে হিন্দীভাষা পড়বার স্থোগ পাক্ষেন এজনা তাদের তো আনন্দিত হওয়া উচিত। আজ এই কথা কমিশনের রিপোর্টএর ৮৬ পাতার লেখা আছে। কমিশনের রিপোর্টের ২৫৬ পাতার লেখা আছে একথা আমাদের এডকেশন স্ফিয়ার ছাড়া অনা সব জারগায় রাজোর বিভিন্ন ভাষার অবাধ বিকাশের আমরা পক্ষপাতী।

[6-45-6-55 p m.]

শিক্ষার বেলায় আমবা হাত দেব, গোড়। প্রাইমারি শিক্ষা থেকে হাত দেব, তথাপি বলব রাজ্যার ভাষা বিকাশের পথে আমবা কোন রকম বাধা রচনা করছি না। আজ এই যদি বাসতব চেণ্টা হয় ভাহলে আমাদের বলতে হবে এর দিবে যেমন আমরা মাতভাষাকে প্রসার ও সংরক্ষণের জনা প্রাণপণ চোটা কবব, থাকে আইনসভাষ ভাষা হিসাবে প্রতিষ্ঠিত করব, তাকে রাজ্ঞার যেগালি বিচাব বিভাগীয় কার্য সেখানে আমবা ভাষা হিসাবে প্রতিষ্ঠিত করব, আমাদেব যে একঞিকিউটিভ প্রশাস্ত্রিক কার্য তাকে যেমন আমবা ভাষা হিস্তবে সম্পূর্ণ ও চরম মর্যাদা দেব সেই সপ্রে এই কথাও দেখতে হবে যে অথিল ভাৰতীয় সংহতিৰ নামে আৰু গ্ৰামে গ্ৰামে প্ৰভোকের উপর একটা এমন ভাষা বাধাতামালক না কৰা হয় যার ফলে ভাব বিকাশ বাহিত হবে। সেঞ্চনা জনগণের বিকাশ যদি আমার। সতিকোরে মনে রাখি যদি আমার। জনগণের বিকাশকৈ বড় করে ভলব ভা**চলে** আমাদেব নিভাবিভাবে স্মুখ্ট কঠে ঘোষণা করতে হবে যাতে আমাদের জনগণের ভাষায় জনগণের সমস্ত জ্ঞানবিজ্ঞান তাদের কাছে পেণিছে দিতে পারি। তার মধ্যে কি হিন্দী কি ইংরাজী यास्त्र প্রয়োজন নেই তাদের উপর চাপান হবে না। এই কথা আমাদের প্রথম ঘোষণার উদ্দেশ। শ্বিতীয় কথা হচ্ছে যাদের সর্বভারতীয় প্রয়োজন আছে শতকরা ৫ ভাগ লোক, ১০ ভাগ লোকও হবে না, শতকরা ৫ ভাগ লোক যারা হয়তো আন্তঃপ্রাদেশিক কার্যের সংস্পর্শে আসবেন, যারা হয়তো স্প্রীম কোর্টএর উকিল হবেন স্প্রীম কোর্টএর জন্ত হবেন, কিম্বা অল ইন্ডিয়া সার্ভিস পরীক্ষার যাঁরা যোগ দেবেন এই রকম শতকবা ও ভাগ লোক এ'দের ভাষা কি হবে 🔧 এ'দের ভাষা সম্বন্ধে কেউ বলেন, ইংরাজী কেউ বলেন হিন্দী, কেউ বলেন হয়তো সংস্কৃত। সংস্কৃত বে এ বিষয়ে কাজে আসতে পারে না কোন কোন আনুষ্ঠানিক ব্যাপার ছাড়া এ বিষয়ে কোন মতকৈবধ নেই। আসল তর্ক হচ্ছে ইংর জী এবং হিন্দীর মধ্যে। আমি সেখানে আপনাদের ধীরভাবে বিবেচনা করতে অনুরোধ করি যে, এই বিষয়ে দুইটি প্রণন বিবেচনা করার আছে। এই খাঁরা শতকরা ৫ ভাগ লোক ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের সংস্পর্শে আসবেন তারা যে পরিমাণ কার্যে লিশ্ত থাকবেন এবং বে ধরনের কান্তে লিশ্ত থাকবেন আমি জিল্ঞাসা করি তাদের কি শুরু ভারতবর্ষের সীমানার মধ্যেই কারবার করলেই চুকে বাবে, তাঁদের বাইরের জগতের জোন সংস্পর্শে আসবার দরকার হবে না। আজকে বলা হর এক পার্সেন্টের ভাষা ইংরাজী আমরা কেন চাপাব---এক পার্সেল্টের ভাষা তো নিশ্চরই। তার উত্তর কি এই হ'ল বাদের ৫ পার্সেল্টের জন্য যা দরকার তাদের জনা হিন্দী ভাষা সমস্ত ভারতবর্ষমর প্রত্যেক বালককে প্রাইমারি এডকেশন স্টেকে শিখাতে বাধা করব এটাই কি তার জবাব হ'ল? যদি শুনতাম ও পার্সেল্টের জনা হিন্দী শেখা হবে সেখানে তার পাল্টা প্রদান হচ্ছে এই হোক, আপত্তি নাই: কিল্ড যে উপ্র আকাণ্যা নিয়ে ছিন্দ্রী-ভাৰীরা হিন্দিকে সব জারগার চাপাবার চেন্টা করছেন আজ সেই প্রচেন্টা যদি চলতে থাকে তাহলে

শুখা ও পার্সেন্টের বাবহারের জন্য হিন্দীর এই প্রবাস এই ব্যক্তিকে তো আমরা গ্রহণ করে নিতে পার্রাছ না। আমরা সেখানে এই প্রশ্ন স্বভাবতই করব না আরু বদি ৫ পার্সেল্টের মধ্যে যদি ২ পার্সেন্ট ইংরাজীশিক্ষিত থাকেন ভারতবর্ষের ৫ পার্সেন্ট লোক ইংরাজী শিখলেন তারা বাইরের সংশ্য বোগাযোগ করতে পারবেন, তার জন্য আবার একটা ভাষা কন্ট করে শিখবার বা জানবার श्राक्षम तारे। धार धार कामाधातर्गत विकास कथा राष्ट्र मा। समाधातर्गत विकास योग করতে হয় তাহলে আমি কি সেই কথা কংপনা করব ও মেনে নেব তাদের জ্ঞানবিজ্ঞান আজ হিন্দীতে বাধাতামনেক পড়ান হবে -সে তো রাষ্ট্রীয় ভাষা নয়, সে তো রাজ্যের ভাষা। তাই দিয়ে প্রত্যেকের কাছে জ্ঞানবিজ্ঞান পেণিছাতে হবে। (শ্রীয়ত সত্যেন্দ্র নারায়ণ মজ্মদার: আপনি কার কথা বলছেন?) আমি তো কাররে নাম করি নি যার গায়ে লাগবে তার লাগবে, আমি কাররে নাম করি নি। সেখানে আমার প্রশ্ন হচ্ছে আজ যদি ভাষা নিয়ে এভাবে চলে তাহলে জনসাধারণের বিকাশ হবে না. শ্বন্দত্ব বাড়বে। সেজনা আমার প্রস্তাব হচ্ছে এক্ষেত্রে কোন একটি ভাষাকে সে হিন্দিী হোক, তামিল হোক, যে-কোন ভাষা হোক, এমন কি বাংলাভাষা হোক এটাকে যদি আমরা জবরদৃষ্টিত করে অত্যাচারম্লেকভাবে ভারতবর্ষের প্রত্যেককে শেখাবার চেণ্টা করি তাহলে যে জনগণের বিকাশ আমরা প্রকৃতপক্ষে চাই সেই জনগণের বিকাশকে আমরা সম্পূর্ণরূপে বাধা দেব, বাহত করব এই হচ্ছে সোজা কথা, স্পন্ট কথা, একথাটি আমাদের ভুললে চলবে না। বাংলাভাষা পরিচয় প্রদেশ রবীন্দ্রনাথ লিখেছিলেন যে, রাষ্ট্রীর প্রয়োজন একটা আছে: আছে বৈকি, আমাদের কাজে কর্মে রাষ্ট্রীক ভাষার সাহায়। গ্রহণ করতে হয় সেটা হচ্ছে কৃত্রিম প্রয়োজন, সময় সময় দরকার হয়। কিন্তু ভাষায় রবীন্দুনাথ বলেছিলেন একটা অকৃত্যি প্রয়োজন আছে, সেই প্রয়োজন কি ? আমার মনের কথা আমি বাইরে লোককে জানাব, আমার মনকে আমি নানা জ্ঞানে ঐৎবর্ষ-শালী করব ভাষায় এই প্রয়োজন আছে, সেই প্রয়োজনই হ'ল মকৃতিম প্রয়োজন। এবং রবীন্দুন্থ সেখানে বলেছিলেন যে, সরকারী কাজের জনা বাইরের দরভায় একটা প্রদীপ জ্বালান চলতে পারে বটে, কিন্তু সেই প্রদীপ জ্বালাবার খাতিবে আমার সারা ঘরকে আমি অন্ধকার করে রেখে দেব এমন ব্রন্থি নিশ্চয়ই কেউ দেবেন না। আজ আমার প্রাণের প্রদীপ জ্বালাবার যে তেলটুক সেই তেলটাক যদি বাইরের দেউড়িতে আলে। জনলাবার জন্য নিংশেধ হয়ে যায় তাহলে যে জনগণের বিকাশের কথা আমরা ভাবছি সেই জনগণের বিকাশ কখনও সম্ভব হবে না এই কথাটা আমাদের স্পণ্টভাবে বোঝা ভাল। এইজনা যাঁরা কেবল বাংলাভাষা নিয়ে আলোচনা করে এখানে অতাশ্ত ভাষাবেশে বস্তুতা করেছেন গুমি তাঁদের সংশাও একমত, তাব কারণ বাংলাভাষার প্রতি মমতা আমার কম নম কিন্তু সেই সংগ্ৰামি একথাও স্পণ্ট করে বলতে চাই যে, বাংলাভাষা রাজ্যের ভাষা হোক এই কথা বলে যদি আমরা চুপ করে থাকি এবং যে চারপাশের আক্রমণ রাজ্যেন সংহতির নাম করে একটি ভাষা ভারতবর্ষময় চাপিয়ে দেবার চেন্টা হচ্ছে সেদিকে যদি চোখ বুজে থাকি ভাহলে শধ্যে দে ভারতবর্ষের একা বিঘিতে হবে তাই নয়, আমাদের এখানে রাজোর ভাষা হিসাবে বাংলাকে যে সম্মান এবং যে আসানে প্রতিষ্ঠিত করবার দ্বংন দেখি সেই দ্বংন কালক্ষ্মে বাছত হবে। আপনারা বলেন হিন্দী ভারতবর্ষের একমাত্র চলতি ভাষা ছাডা অন্য কোন ভাষা হতে পারে না। আমি জানি এই অফিসিয়াল ল্যাণ্যায়েজ কমিশন বলেছেন, সেই ভাষা রাণ্ট্রের সরকারী ভাষা হবে যে ভাষায় অনেক ঐশ্বর্য আছে এমন কথা শ্রন্থেয় কথা নয়, একথা কমিশনের রিপোর্টে আছে। অর্থাৎ বাঞারের ভাষা চলতি ভাষা আনডেভেলপত ভাষা এ হ'লেও হরতো চলতে পারে, এই হচ্ছে তার ইণ্গিত। যাই হোক, তা নিয়ে আমি তর্ক করব না কিল্ত আমার अन्न इत्क बहै, आकृत कात उत्तर्यत गएकता ८२ जन लाक हिम्मी वर्षा धरे युक्ति हिम्मीक ষে চালাবার চেণ্টা হচ্ছে ভারতবর্ষের যদি ভাষার ইতিহাস আমরা দেখি তাহলে ওয়েন্টার্ন হিন্দী वा देशवीन (?) এই यে आप्रम शिक्षी यात मर्लग रेम्प्रोन शिक्षीत त्याकत्रशंगत स्थान स्मेर कथात সাদ্শা বহু, সময় নেই, পাঞ্জাবীয় যোগ নেই, রাজস্থানীয় যোগ নেই, নান্দা ভাষায় যোগ নেই, কাশ্মীরীয় বোগ নেই-প্রতোক সার্ভে এবং সেন্সাসে যা আলাদাভাবে লিখিত হরেছিল ১৯৫১এর সেন্সাস ছাড়া, গ্রিরাসনের ল্যাপ্রয়েজ সার্ভের মধ্যে যাদের ইতিহাস সম্পূর্ণ আলাদা বলে বণিত হরেছে সেই ওরেন্টার্ন হিন্দী ভারতবর্ষের মান্ত ১৮ থেকে ১৯ পার্সেন্ট লোকে বলে একথা जन्दीकात कता हरण ना। आक्र मश्र्वास्त्र स्करतः मश्र्वास्त्र स्माराहे निरत स्वरास्त्र अस्करास्त्र আমরা মূছে একসপো গড়েপিটে একটা পিণডাকার পদার্থ তৈরি করতে পারি, কিন্দু সেই প্রসপো আমি আর সময়ক্ষেপ লা করে রবীন্দুনাথের সার একটি বছবা উধ্ত করেই আমার বছবা শেব

় করব বে, সকল প্রকার ভেদকে চেণিকতে কুটিয়া একটা পিশ্ডাকার পদার্থ গড়িয়া তোলাই জাতীয়
উমতির চরম পরিগাম তখনকার দিনে ইহাই সকলকার মনে জাগিতেছিল, কিন্তু আসল কথা
বিশেষত্ব বিস্কুলি করিয়া যে স্বিধা তা দ্বিদনের ফাঁকি—বিশেষত্বকে মহত্বে লইয়া গিয়া যে স্বিধা
হাহাই সতা। স্তরাং আজ যেমন মাত্ভাষাকে আমরা এই রাজ্যের মধ্যে তাঁকে চরম সম্মান
দিয়ে সর্বন্দেটে প্রতিষ্ঠিত করব সেই সপো সপো সব'ভারতীয় একটা ঐকোর আবরণে যে আক্রমণ
সেই মাতৃভাষার উপর আসছে তাকে প্রতির্শ্ব করবার জনা নিয়মসগাত যত পথ আছে সেই পথ
যদি আমরা অবলন্দন করতে না পারি তাহলে আমরা মাতৃভাষার প্রতি এবং জনগণের প্রতি যে
গ্রুম্বা দেখাছি তা মৌখিক গ্রুম্বা দেখান ছাড়া আর কিছুই হবে না।

[6-55-6-7 p.m.]

Sj. Sasabindu Bera:

মাননীয় সভাপাল মহাশয়, ভাষা কমিশনেব স্পারিশ নিয়ে কেণ্ট্রীয় সরকার সারা ভারতবর্ষে হিন্দীকে অফিসিয়াল ল্যাপ্রয়েজ হিসেবে চাপিয়ে দেবার যে চেন্টা করছেন, আমরা তার তীব্র প্রতিবাদ করি। কমিশন তাঁদের রিপোর্টে যে যুদ্ধি দেখিয়েছেন বে, ভারতবর্ষের শতকরা ৪২ জন হিন্দী ভাষায় কথা বলেন, সেই কথা সত্য নয়। বাস্তবে হিসেব গ্রহণ করলে দেখা বাবে যে, এই শতকরা ৪২ জনের মধ্যে হিন্দা, উন্ধা, হিন্দান্থানা ও পাঞ্চাবী ভাষাভাষী লোকেরাও আছেন। ভারতবর্ষের ভৌগোলিক চিতের মধ্যে বিভিন্ন ভাষাভাষীর যে বিস্তার, সেই কথা যদি আমরা আলোচনা করি, তাহলে দেখতে পাব ভারতবর্ষেব উত্তরাপ্তলের হিন্দী ভাষাভাষী এলাকার চারপাশে রয়েছে অহিন্দী এলাকাগ্রালি। তাবা হচ্ছে পশ্চিমে পাঞ্জাব থেকে আরম্ভ করে গ্রন্থরাট, দক্ষিণে সারা দক্ষিণ ভারত আব এদিকে উড়িয়া পশ্চিম বাংলা এবং আসাম। এইসমুহত এলাকা-গালির সাধারণ মান্য হিম্দী ভাষা আদৌ বোঝে না। ভারতবর্ষের এই যে অবস্থা, এই অবস্থার মধ্যে হিম্মীকে সারা ভারতের অফিসিয়াল লাম্পায়েজ হিসেবে চাপিয়ে দেবার যে চেণ্টা হজে সেটাকে আমি জবরদমত চেটা বলে মনে করি এবং তার বিরুদ্ধে তীর প্রতিবাদ করি। তীরা যাভি দেখিবেছেন ভারতবর্ষের ঐক। প্রতিষ্ঠার ান্য এমনি একটা সর্বভারতীয় অফিসিয়াল ল্যাংগায়েন্ড প্রয়োজন আছে। কিল্ড এমন অনেক দেশের নজীর আছে যে নজীর তোলা **হয়েছে** এখানে আমার প্র'বতী বস্তাদেব ম্বাবা, প্লিবীতে অনেক বাল্ট বয়েছে ম্বিভাষিক, বিভাষিক এবং বহাভাষিক রাষ্ট্র, যাদের ভাষার বিভিন্নতার জন্য তাদের ভেতরকার যে ঐকা, সেই ঐকা কোনকুমে ব্যাহত হয় নাই। আসলে আজকে হিন্দক্তি জোর করে সারা ভারতবর্ষের মধ্যে চাপিরে দেওয়া হচ্ছে। যে হিন্দী ভাষাভাষী এলাকা আছে সেই এলাকার রাণ্টনায়করা ক্ষমতার আসীন আছেন ভারতবর্ষের রাষ্ট্রীয় শাসনের ক্ষেত্রে, এবং তাদের সেইদিক দিয়ে যে বিশেষ সুযোগ স্থাবিধা আছে, সেই স্থোগ স্বিধাও তারা নিজেদের স্বার্থে প্ররোগ করবার চেণ্টা করছেন। তারজন্য আমরা আত্তকগ্রস্ত। আমরা সব সময় ৩য় করি, আজকে একটা বিশেষ অঞ্চলের ভাষা हिन्दीक अधिनिशाल न्याभ्य देशक हिस्त्र र्वाष्ट्र मिल्ल श्रेत असे अहिन्दी धनाकाश्रील धमन একটি বিশেষ অসুবিধার মধ্যে পড়বে ধার জনা রাষ্ট্র ক্ষেত্রে এবং অন্যান্য সর্বক্ষেত্রে এই এলাকাগুলি হিন্দী ভাষাভাষী এলাকা থেকে পেছিয়ে পড়বে। বিদেশী ইংরেঞ্চী ভাষার চাপে দীর্ঘদিন আমরা জাতীয় জাবনে কিভাবে ভারগ্রুতভাবে কাণ্টিয়েছি, যার জন। আমাদের জাতীয় জাবনের পরিপূর্ণ বিকাশ হতে পারে নি। বিগত বহু বংসর ধরে আমরা যে অবস্থার মধ্যে ছিলাম, সেই একই অবন্ধার মধ্যে গিয়ে এখনও আমরা পড়ব এবং হিন্দী ভাষাভাষী এলাকালালি একটা বিশেষ স্বোগ স্বিধা গ্রহণ করবে। কাজেই এই ঐকোর নাম নিয়ে তারা এমনিতে সারা ভারতবর্ষের মধ্যে দুটি বিশেষ শ্রেণী সৃণ্টি করবার চেন্টা করছেন। সেই নীতির বিরুদ্ধে আমরা আমাদের তীর প্রতিবাদ স্থানাই। হিন্দী ভাষাভাষী এলাকাগুলি এইভাবে একটা বিশেষ সুবিধা পাবে; बाद बौदा हिन्दी ভाषाভाषी এलाकाद भएत नन, टौदा এक्টा समृचिधाद भएत । अञ्चाद দুটি পুথক শ্রেণীর সুন্টি হবে। ঐক্যের নামে দেশবাসীর এক বিরাট অংশের এই বে অসুবিধা স্থিত করা হচ্ছে তাতে জাতীর জীবন সংহত হবে না, বরং জাতীয় জীবনের মধ্যে একটা বিরাট विरुष्ट अप्त एक्षा एएट। क्षेका वा नश्यक्तिह नाम वानरमटे क्षेका क्षेत्र भश्यक्ति वानः वाह ना। আমরা দেখেছি বাংলাদেশ এবং বিহারের ঐক্যবিধান বা সংব্রত্তি করবার ক্ষেত্রে, সংব্রত্তির পরিবর্তে বে বিরাট অনৈকা বে বিরাট বিকোভ দেখা দিরেছিল, তার পনেরাবৃত্তি হওয়ার অবস্থার এলে

দাঁড়িছেছে এবং এই অবস্থার সামনে আমাদের প্রত্যেককে মাথা তুলে দাঁড়াবার জন্য প্রস্তৃত হতে হবে। আমরা আজকে আতৎকগ্রুণ্ড এই কারণে যে, আজকে হিন্দী সাম্রাক্তাবাদ, এই হিন্দী ভাষার সাম্রাক্তাবাদ সারা ভারতবর্ষের মধ্যে বিস্তারলাভ করবার চেণ্টা করছে। কমিশন সারা ভারতবর্ষের এই আতৎক সম্বন্ধে অচেতন নয়। তাই তারা আশ্বাস দেওয়ার চেণ্টা করেছেন, চ্যাপটার ৪-এতে তাদের রিপোটো বলবার চেণ্টা করেছেন

The so-called predominant position of Hindi is misleading.

এই উল্লির অর্থ হচ্ছে সারা ভারতবর্ষে হিন্দী ভাষাকে চাপিয়ে দেওয়ার যে আশুকা, সেই আশুকা চারিদিকে পরিস্ফটে হয়ে উঠছে। তারা বলছেন যে, শুধু রাণ্ট্র শাসনের বিবিধ ক্ষেত্রে এই হিন্দীকে রাখতে হবে। কিন্তু বাস্তবিকপক্ষে তাদের সেই যে রেকমেন্ডেশন, সেই যে রিপোর্ট সেই রিপোর্টের অন্যান্য অংশগ্রনি আলোচনা করলে দেখা যাবে তারা ঐ যে আশ্বাস দিচ্ছেন মৌখিকভাবে সেই আশ্বাসের পিছনে যে উদ্দেশ্য সেটা অত মহৎ নয়। তারা ঐ চ্যাপটার ৪এর মধ্যে যে কথাগুলি বলেছেন, আমাদের কনম্টিটিউশনএ হিন্দীকে অফিসিয়াল ল্যাপ্যায়েজ করবার रव निर्दार त्रहाइ. त्रहे निर्दारम् जात्नाहना क्षत्राध्या हिन्दी त्रस्वस्थ वर्ताइन रव. हिन्दीरक ভারতের রাখ্যভাষা করবার চেন্টা করা হচ্চে, সেই হিন্দী ভাষা খবে সমুন্ধ বলে নয়, হিন্দীর মধ্যে সাহিত্যের পরিপূর্ণ বিকাশলাভ হয় নি. সে হিসেবেও নয়, হিন্দীর মধ্যে জ্ঞানের বিভিন্ন ক্ষেত্রে বহু, প্রত্তক প্রকাশিত হয়েছে বা না হয়েছে, সে বিচার করে নয়, হিন্দীভাষা ভারতবর্ষের বিভিন্ন এলাকার বহু, মানুষ বাবহার করে এবং হিম্পী কথা শুনে নিভেরা বলে এবং বুঝতে পারে এইজনা এই হিন্দী ভাষাকে অফিসিয়াল ল্যাঞ্গায়েজ করবার চেণ্টা করা হচ্ছে। একদিকে হিন্দী চাপানোর ব্রক্তি, আর একদিকে আমাদের ভাতি দার করবার চেষ্টা। সেখানে যে যান্তি দেওয়া হরেছে যে, হিন্দী মার সীমাবন্ধ থাকবে কেবল অফিসিয়াল ক্ষেত্রে: আরও বলা হচ্ছে যে, হিন্দী সারা ভারতবর্বে ছড়িয়ে পড়েছে জনসাধারণের মধো। রিপোর্টে এমন প্রস্তাব আছে যে হিন্দী শিক্ষার সংশ্যে বাধাডামালক করা হবে। এইসব যান্তির মধ্যে আমরা আরও আত্তেকর কারণ শক্তে পাই। আমরা ভয় পাই। ঐ একদিকে অফিসিয়াল ল্যাপ্যয়েজ করবার স্থোগ নিয়ে এবং সেই সংযোগের মধ্য দিয়ে আমরা দেখছি যে, কমিশনের যে রিপোর্ট সেই রিপোর্টে আমরা দেখছি শেষ পর্যত শিক্ষার বাহন হিসেবে হিন্দীকে চালিয়ে দিতে চাচ্ছেন সারা ভারতবর্ষের বিভিন্ন ক্ষেত্র। হিন্দীকে শুখ্র একটা অফিসিয়াল উন্দেশে। বাবহার করবার জনা নয় তা সারা ভারতবর্ষের একটা ভাষা হিসেবেও চাপিয়ে দেবার চেন্টা চলছে। আমি তাদের এই প্রচেন্টার তাঁর প্রতিবাদ **जानाहै। वाश्नानी हिस्मर्स्स स्मेहे हिन्दीत अ**ख्यानरक वाथा स्वयात कर्ना प्रत्रक्तित छ रुट्य প্রতিক্ষা গ্রহণ করা উচিত। আজকে সমগ্র রাম্মের মধ্যে বাংলাদেশের মধ্যে সর্বক্ষেত্রে ও স্তরে শিক্ষার বাহন যে বাংলাভাষা হবে শুধু তাই নয়, পশ্চিম বাংলার সীমার মধ্যে সর্বক্ষেত্রে বাংলা ভাষাকে স্বীকৃতি দিতে হবে। বেমন করে অন্যান্য অপ্তলেও স্বীকৃতি দিতে হবে আঞ্চলিক ভাষাকে, তেমনি করে বাংলা ভাষাকেও অনাতম জাতীয় ভাষার পে স্বীকৃতি দিতে হবে। বর্তমানে ইংরেজীকে রাখতে হবে যতদিন পর্যণত না আঞ্চলিক ভাষাগুলি বিকাশলাভ করে সর্বভারতীয় ভাষার স্থান গ্রহণ করবে। এই ইংরেজী ভাষাকে সাময়িকভাবে রক্ষা করতে হবে এইজনা যে ইংরেজী ভাষা আন্তঃরাজা পরিচালনায় যেমন সাহাব্য করছে তেমনি বিশ্বজ্ঞানের বাহন হিসেবে এবং দর্মনরার সপের যে যোগাযোগের প্রয়োজন, সেই যোগাযোগ রক্ষার জন্য একে রাখতে হবে। আর বর্তাদন না আমাদের কোন আঞ্চলিক ভাষা সর্বভারতীয় ভাষা হিসেবে সুযোগ্য স্থান লাভ করতে পারবে, ততদিন ইংরেজী ভাষাকে চালিয়ে বেতে হবে।

Sj. Jyoti Basu:

আমি এখানে ছিলাম না। আমি শনেলাম বিমলবাব আমার কোন প্রস্তাবের উপর বস্তৃতা দিরেছেন। আমার কিস্তু কোন প্রস্তাব নেই।

Mr. Speaker: The House stands affjourned till 3 p.m. tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 7-7 p.m. till 3 p.m. on Thursday, the 20th March, 1958, at the Assembly House, Calctta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Thursday, the 20th March 1958, at 3 pm.

Present:

Mr. Speaker (The Hon'ble Sankandas Banfrai) in the Chair, 15 Hon'ble Ministers, 9 Deputy Ministers and 206 Members.

13-3-10 p.m.]

Starred Question No. 14 for post-mortem report only.

The Hon'ble Abdus Sattar: I have placed that report.

UNSTARRED QUESTION

(answer to which was laid on the table)

Number of intermediaries in Midnapore district

- Sj. Natendra Nath Das: Will the Hon'ble Minister in charge of the Land and Land Revenue Department be pleased to state—
 - (a) the number of intermediaries in different subdivisions of the district of Midnapore;
 - (b) the amount of compensation to be paid to them; and
 - (c) what amount has been paid up till June, 1957?

The Hon'ble Bimal Chandra Sinha: (a) and (b) It is not possible to furnish the information until the Compensation Assessment Rolls have been prepared and finally published under Chapter III of the West Bengal Estates Acquisition Act, 1953.

(c) Rs. 8,14,510.

Sj. Baroj Roy:

আপান যে হিসাব দিলেন সেটা ইন্টার্মিডিয়ারিসদের দেওয়া হয়েছে। আমার সান্ধি-মেন্টারি কোন্চেন হছে আপান তিন হাজার পর্যক্ত যারা তাদের হিসাব দিলেন কিন্তু ভার বেলী হিসাবওয়ালা ইন্টার্মিডিয়ারিসদের কত টাকা দেওয়া হয়েছে ভা বললেন না?

The Hon'ble Bimal Chandra Sinha: I have got no break-up details, আমার এখানে কোন ডিটেল রেকড নেই।

Sj. Saroj Roy:

মল্টী মহাশর জানাতে পারেন কি. এই টাকা যে দেওয়া হরেছে, এখানে শৃংধ্ আপনার বারা বড় ইন্টারমিডিয়ারিস তাদের দেওরা হরেছে, না ছোট ছোট ইন্টারমিডিয়ারিসদেরও দেওয়া হরেছে?

The Hon'ble Birmai Chandra Sinha: অধিকাপেই ছোট।

Starred Question No. 69 (supplementary only)

Sj. Saroj Roy:

আমার প্রশন ছিল ৩-৭-৫৭ তারিথ পর্যানত এবং তার উত্তরে বলেছেন, 'হাাঁ। কিন্তু যে লিন্ট লাইত্রেরী টেবলএ দেখলাম, তাতে দেখলাম কেন্প্রের থানার যতগ্নিল দোকান দেওয়া হয়েছে তার টোটাল নাম্বার হল ১৪টি, তার ভিতর ৯টি হচ্ছে জ্লাই মাসের পর। তাহলে এই জ্লাই মাসের পর বেশী দোকান হল কেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

হতে পারে, এখানে যে দোকানের লিষ্ট দেওয়া হয়েছে তাতে ৩ তারিখের আগে যে যে দোকান দেওয়া হয়েছে এবং তার পরে বেষব দোকান দেওয়া হয়েছে তাও দেওয়া হয়েছে—এখানে অতিরিক্ত দেবার জনাই গোলমালের সৃষ্টি হয়েছে। এখানে ৩ তারিখের পরেও যে দোকান দেওয়া হয়েছে অর্থাং আপ-ট্-ডেট লিষ্ট দেবার ফলেই এই গোলমাল হয়েছে।

Sj. Saroj Roy:

প্রদেনর জবাব দিতে গোলমাল বাধে নি। (ক) উত্তরে পরিচ্কার বলেছেন, 'হাাঁ', দুইটি বড় থানায় ৩-৭-৫৭ তারিথে সমস্ত দোকান হয়ে গিয়েছে। কিন্তু লিস্ট বা দিয়েছেন তাতে দেখতে পাছি ৩-৭-৫৭ তারিখের মধ্যে বেশীর ভাগ জারগার দোকান খোলা হয় নি?

The Hon'ble Prafulla Chandra Sen:

প্রশন ছিল কেশপরে থানা এলাকার ইতিমধ্যে অর্থাৎ ৩-৭-৫৭ তারিথের মধ্যে কোন ন্যাযা-ম্লোর দোকান দেওরা হরেছে কি না? আমরা বলেছি যে দেওরা হরেছে এবং যে লিস্ট দেওরা হরেছে তাতে এই তারিথের আগে এবং পরে যেসমস্ত দোকান খোলা হয়েছে তার সবই লিস্ট দেওরা হরেছে।

Mr. Speaker: How many shops have you opened?

The Hon'ble Prafulla Chandra Sen: The list is exhaustive and we have also given a list of those shops which were opened after 3rd July 1957.

Sj. Bankim Mukherjee:

বে লিস্ট উপস্থিত করা হয়েছে তাতে দেখতে পাল্ছি বেশীর ভাগ দোকান খোলা হয়েছে ৩-৭-৫৭ তারিখের পর। অর্থাং যখন চালের দর খুব বেশী হয়ে উঠেছিল মে, জুন মাসে, সেই সময় বেশী দোকান খোলা হয় নি কেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদস্যদের বলতে পারি আমাদের কেশপ্রের দোকানের লিস্ট দেওরা আছে। এই ২৯টি দোকান তার মধ্যে ৯টি দোকানের লিস্ট পরে দিয়েছি। ২০টি দোকান খোলা হরেছে জ্বনের আগে। আর একটা লিস্ট দিয়েছি, সেটা অনেক পরে খোলা হয়েছে কিন্তু ২৯টির মধ্যে ও তারিখ পর্যন্ত ২০টি খোলা হয়। এর পরে আরো বেশী খোলা হয় অগাস্টএর লিস্টে তা পাবেন।

Sj. Bankim Mukherjee:

আমার প্রণন ছিল যে মে, জনুন মাসে যখন সব চেরে চালের দর বেশী ছিল তখন বেশী দোকান খোলা হয় নি কেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

প্রশ্নে ছিল কোন দোকান খোলা হরেছে ক্লি না, তার উত্তরে বলেছি 'হাা',—একটাও হতে পারে দুইটিও হতে পারে, তারপর লিম্ট দেবার কথা হর, এটা অতিরিক্ত দেওরা হরেছে।

Sj. Sankim Mukherjee:

প্রদেশর উত্তর বা দেওর। হরেছে সেটা বে ভূল হরেছে তা বলছি না। আমার প্রশন হছে। মে, জ্বন মাসে বখন অতিরিক্ত অভাব তখন বেশী দোকান দেওরা হর নি কেন? Mr. Speaker: He has said 20 shops up to 3rd July; it might have been inadequate.

Sj. Bankim Mukherjee:

মে, জনুন মাসে যখন বেশী খোলার প্রয়োজন ছিল, তখন কম খোলা হয়েছে অর্থাৎ ইনঅগাডিকোয়েট হয়েছে। এই ইনঅগাডিকোয়েট হ'ল কেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

যেখানে যেরকম প্রয়োজন সেখানে সেইরকম দোকান খোলা হয়েছে। ইনআাভিকোয়িট হয়েছে কি না,

that is a matter of opinion.

Supplementaries on Starred Question No. 71.

The Hon'ble Prafulla Chandra Sen:

এখানে সাম্প্রিমন্টারি কোন্টেন করার ব্যাপার নেই। শুম্ধেরা মাণ্কুন্তলা সেন প্রশন করেছিলেন যে, এখানে হিসাবে ভূল দিয়েছেন কি জনা। আমরা আমাদের রাখন সপত খেজিনিয়েছি। ৩০ দিনের মধ্যে ৪টি রবিবার বন্ধ থাকে। শানিবারে অর্ধেক দিন খোলা থাকে তাই ৪টি শনিবারে দ্বৈ দিন বন্ধ থাকে। তাই এত স্ক্রো হিসাব করা হয়েছে এই ৬ দিন বাদ দিলে ২৪ দিন থাকে। একে ২৪ দিন বাবে ভাগ করলেই সমস্ভটা মিলবে।

Si. Narayan Chobey:

এখানে দেখতে পাছি সেপ্টেম্বর মাসে ক্যালকাটা ইন্ডান্মিয়াল এরিরাতে রাইস ২ লক ৫৬ হাজার মণ এবং হাইট প্রভাইস ১ লক ৫৬ হাজার মণ দেওয়া হয়েছে কিন্তু অস্টোবর মাসে রাইস ১ লক ৮৬ হাজার মণ এবং হাইট প্রভাইস ১ লক ৬ হাজার মণ দেওয়া হয়েছে। সেপ্টেম্বর মাসে থেকে অস্টোবর মাসে কমে গেল কেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

এর বড় কারণ হল অক্টোবর মাসে আউস ধন ওঠে। সেইজনা অন্ন **মাসের চেয়ে এ**মাসে কম হয়েছে।

81. Hare Krishna Koner:

आफ्रेंज धान कि अल्होवर मात्र खर्ते ?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমাদের সংবাদ যে অক্টোবর মাসেই উঠে। জলপাইগর্ড়ি অঞ্চলে, নর্থ বেণ্সলে সেপ্টেম্বর-অক্টোবর মাসেই উঠে।

8j. Hare Krishna Koner:

কলিকাতার আসেপাশে বর্ধামান, হ্গলি, মেদিনীপরে অক্টোবর মাসে আউস ধান উঠে না। তব্ তিনি বখন বলছেন বে নর্থ বেপালে উঠে তাহলেও তাকে জিল্লাসা করি নর্থ বেপালের চাল কলিকাতার আসে না। কলিকাতার ইম্ভাম্যিয়াল এরিরাতে কমলো কেন?

The Hon'ble Prafulia Chandra Sen:

खक एके कम इरहाइ वर्लाई मरथा कम इरहाइ।

[3-10-3-20 p.m.].

Si, Hare Krishna Konar:

যেহেতু ।∂॰ আনার চাল বন্ধ কোরে ।/ে• আনা সেরের চাল দিতে হবে :গট দেওরার জনা কি এটা কয় চারকে?

The Hen'ble Prafulia Chandra Sen:

বলতে পারব ন

\$j. Narendra Nath Sen:

কলিকাতার ইন্ডাম্প্রিরাল এরিরায় ৩,০৫৭টি ফেরার প্রাইস সপ আছে: এই দোকানগর্মল কি ভাবে সিলেক্টেড হয় মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি? এই সিলেকশনের কি পলিসি?

The Hon'ble Prafulla Chandra Sen:

এক একটি অঞ্চলে আমাদের যে রকম কার্ড আছে সেই রকমভাবে আমাদের অফিস থেকে হয় আরু কি রকমভাবে হয় তা জানি না।

Si. Narendra Nath Sen:

কিছু কিছু দোকানে ৪-৫টা কাণিডডেট থাকে, তাদের মধ্যে কিভাবে সিলেকশন হয়?

The Hon'b'e Prafulia Chandra Sen:

আগে যেসব রেশন সপ ভাঁলাস' ছিল তাদেরই দেওয়া হয়, তার পরে ন্তন লোককে দেওয়া হয়। যাদের আগে দোকান ছিল, এবং কাজ ভাল জানে তাদের থেকেই দেওয়া হয়, সেটা কল্টোলার অব রাশনিং করেন।

Sj. Narendra Nath Sen:

যেসব এনকোয়ারি ইস্পপেক্টর থাকে তাদের যেসব ক্যান্ডিডেট যত বেশী টাকা দিতে পারে তারাই রেকমেন্ডেশন পায় এ কথা কি সত্য?

The Hon'ble Prafulla Chandra Sen:

তা আমি বলতে পারব না। আপনার যদি কোন স্পোসফিক কেস থাকে, দিতে পারেন, আমি তদক্ত করব।

8). Narendra Nath Sen:

যেসব লোকের এগেনস্টে কেস ছিল, এ রকম অনেক লোক পেয়েছে, একথা কি সতা?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমার জানা নেই, আপনার জানা থাকে তো খেজি করব।

Si. Narendra Nath Sen:

এক একটা দোকানে অ্যাভারেজে কত কোরে কার্ড দেওয়া হয়, তা মননীয় মন্দ্রী মহাশয় জানেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

এ প্রথম ওঠোনা।

Si. Narendra Nath Sen:

কলিকাতার দোকান কিরকমভাবে সিলেকশন হয়, এ প্রশন অবাদক্তর নয়। এই প্রশন থেকেই ক্রিক্সাসা করছি এক দোকানে কত কার্ড আছে।

The Hon'ble Prafulla Chandra Sen:

क अन्त कर्क ना।

8j. Narendra Nath Sen:

একটা দোকানে আভারেজে ৩ হাজার থেকে ৬ হাজার কার্ড থাকেঁ, অথচ আপনি অগ্যানেট ১১৮টা সার্ভ করা হরেছে বলেছেন, এত কম লোক কেন?

The Hen'ble Prafulla Chandra Sen:

ষত লোকের নাম রেজিন্টী হরেছিল, তত লোক বদি না আসে, বদি কম আসে, আমরা কি করব?

Sj. Narendra Nath Sen:

এই বে চাল দোকান থেকে দেওরা হয় তাতে নাম্বার অব কার্ডসঞ্জ উপবৃত্ত পরিষাণ চাল দেওরা হয় না—একথা কি জানেন?

The Hen'ble Prafulla Chandra Sen:

সব সময় পর্যাপ্ত পরিমাণ চাল দিতে পারি না, সেই সময় কম হর।

Mr. Speaker: During the current session, if I remember aright, the Food Minister has repeatedly said that there has been failure to supply adequate quantity of rice for lack of stock but they have always supplied wheat.

Si. Narendra Nath Sen:

এই বে চাল ওখানে দেওরা হর এগর্নালর মধ্যে এত দ্বর্গম্ব চাল থাকে বে খাওরা বার দা,— একথা জানেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমার জানা নাই; বর্তমানে কিছ্ই দুর্গন্ধ চাল দেওয়া হয় না।

8j. Niranjan Sen Gupta:

এই यে (वि)एउ वना श्राह्म

average number of people and families served by each ration shop. এ কি কেবল রাসন কার্ড হোলভারগতিল?

The Hon'ble Prafulla Chandra Sen:

যাদের দেওরা হয়েছে তাদের কথাই বলা আছে—

those who have been served

যাদের দেয় নি তাদের ধরা হয় নি।

Si. Niranjan Sen Gupta:

আমার প্রণন হচ্ছে যাদের সার্ভ করা হয়েছে তাদের নাম আর রেশনকার্ভ এই দুটোর মধ্যে লোকমাল আছে?

The Hon'ble Prafulia Chandra Sen:

এক এক দোকানে রেজিস্মী ছিল ২ হাজার, লোক নিচ্ছে ১ হাজার; এক এক এরিয়ার এক এক বকম।

Si. Niranian Sen Gupta:

মাননীর মন্ত্রী মহাশর (ডি)এর জবাবে বে অ্যাভারেজ দিরেছেন সে কি কার্ড হোল্ডারস বারা রেশন পেরেছে না, বারা এসেছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

ষারা আসবে না তারা পেতে পারে না। কারও বাড়ীতে পেণছে দিতে পারি না।

SI. Sommeth Lahiri:

जांछ जाना जादाद व ठान जाणाहे करदन दन कि जब खाकारन जाणाहे करदन?

The Hon'ble Prafulia Chandra Sen:

আমি অক হ্যান্ড বলতে পাছৰ না।

SI. Somneth Lehiri:

ারাত আনা সেরের চাল সব লোককে দেন, মা, দোকান পিছা; ?

The Hon'ble Prafulia Chandra Sen:

বে সোকানে বেষন অফ টেক দেওরা হরেছে, সেই রকমভাবে, আন্দাজে বলতে পারছি না।

Si. Somnath Labiri:

এটা কি বনতে পারেন যে বর্তমানে কলিকাভার দোকান পিছু ন্তন কোরে সাত আনা সেরের চাল প্রভ্যেক সম্ভাহে দেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

धकाम व्यक्ष शान्छ बनाए भावत ना।

Mr. Speaker: You have asked a pertinent question but that does not arise out of this.

8j. Hare Krishna Konar:

সাত আনা সেরের চাল একদম কলিকাতায় দেওয়া হচ্ছে না?

The Hon'ble Prafulla Chandra Sen:

হাঁ. এখনও দেওয়া হচ্চে।

8j. Narendra Nath Sen:

দোকানদারকে উইকলি স্টেটমেন্ট দিতে হয়, মাননীয় মন্দ্রী মহাশয় জানেন কি:

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য মহাশয়কে আবার বর্লাছ এ সব প্রশ্ন এ থেকে ওঠে না।

8j. Bankim Mukherice:

সেপ্টেম্বর মাসে ১,৩০৭ জন লোক নিয়েছিল, অক্টোবর মাসে ৯২৭ জন; এ কি লোক কম এলেছে, না সংলাই কম ছিল ব'লে এর চেয়ে বেশী লোককে দিতে পারেন নি?

The Hon'ble Prafulla Chandra Sen:

এমন হতে পারে না। আমরা দিতে পারি নি; লোক কম এসেছে; আবার চাল কম ব'লে লোক হয়ত কম হয়েছে।

8j. Bankim Mukherjee:

এটা কি মন্দ্রী মহাশয় জানেন যে সেপ্টেন্বরের চেয়ে অক্টোবরে চালের দাম বেশী ছিল, চাহিদাও বেশী ছিল; সেই কারণে লোক বেশী এসেছে, এমন কি আটাও লোকে বেশী নিতে আসে নি? কিল্টু দেখা যাছে যে সেপ্টেন্বর মাসের চেয়ে অক্টোবরে আটা সাপলাই এবং চাল সাপলাই দুই-ই কম হয়েছে।

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি অফ হ্যান্ড বলতে পারব না; হতে পারে সাম্লাই কম।

5j. Bankim Mukherjee:

ध कथा कि ब्यातन स्व भव क्रिया अस्ट्रीवरत माम स्वमी हिल?

The Hon'ble Prafulla Chandra Sen:

नारमत कथा अधारम माहे, जान्मात्क वनार्छ भावव ना।

Si. Gopel Racu:

মন্দ্রী মহাশর, এখনে দিরেছেন বে, সেপ্টেম্বরের চেরে অক্টোবরে লোকের সংখ্যা কয়। ভখন লো ইস্থানি নাল এরিরার কোন জারগা খেকে ওঠে না, এটা ঠিক; চাল বেশী সাম্পাই হয় নি লোই লোক দেকোনে গিরে দোকান খেকে কিবে এসেছে।

The Hen'ble Prafulia Chandra Sen:

আমি বলছি এও হ'তে পারে, ও-ও হ'তে পারে। সপো সপো একখাও বলছি, জর্ক্টেবর লাসে মফ্যুস্বলে আউস ধান বাজারে ওঠে।

Sj. Gopal Basu:

উনি বলেছেন বে গ্রামান্তলে আউস ধান ওঠার জনা।

The Hon'ble Prafulia Chandra Sen:

এটা ভূলে যান যে হ'তে পারে বর্লোছ, হবেই বলি নি।

81. Somnath Lahiri:

বর্তমানে কলিকাতার বিভিন্ন দোলানে যত কার্ড হোল্ডার আছে সকলে চাউল সাত জ্বানা সেরে পেতে পারেন এরকম বাবস্থা করার কোন পরিকল্পনা আছে কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

বর্তমানে দিতে পারব না, পরিকল্পনাও অসম্ভব।

Sikta. Manikuntala Sen:

সাত আনা সেরের চাউল এখনও কি রেশনের দোকান থেকে দেওয়া হয়?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি বলেছি সাত আনা দামের চাল খুব কম আছে, তবে এখনও দেওয়া হয়।

Sjkta. Manikuntala Sen:

আমি ভিজ্ঞাসা করি সাত আনা দরের চাল কোন দোকানে দেওয়া হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

হাঁ, দেওয়া হয়েছে।

Sikta. Mantkuntala Sen:

তার ঠিকানা কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

নোটিশ চাই।

Sikta, Manikuntala Sen;

অন্ততঃ একটা দোকানেরও নাম করনে।

The Hon'ble Prafulla Chandra Sen:

তা বলতে পারব না।

[3-20-3-30 p.m.]

. 81. Hare Krishna Konar:

कांत्फारनद উसद आर्थान वर्ताहन एक्ट्रा इड्-अव वास्त्र कथा।

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি বলেছি কিছু কিছু দেওরা হয়।

Sjkta. Manikuntala Sen:

আমি এটা জালতে চাই—উনি বলি প্রশেষ উত্তর না লিতেন তাহলে বলবার কিছু ছিল মা, বলতে পারেন প্রশন উঠে না। সাল্ডিফেটারি প্রশেষ উত্তরে বলেছেন দেওয়া হন ১৮০ আনা সের। আপনি কোন একটা এলেকার একটা দোকানের নাম করুন।

The Hon'bio Prafulia Chandra Son: salibu facu wifacu cara i

Sj. Gopal Baous

উনি বলেছেন কোথাও কোথাও দেওরা হয়। উনি কি বলতে পারেন ই-১৯৮১ ৯৮০। বেল্টের কোথাও ।৶৽ আনা সেরের দেওরা হয় না?

Mr. Speaker: That is a statement of fact. That is not a question. You are giving information.

8j. Bankim Mukherjee:

क्षन कहा इरहाइन अक्रा माकात्नत नाम वन्ता।

The Hon'ble Prafulia Chandra Sen:

বলতে পারব না।

(Noise)

Sj. Bankim Mukherjee:

व्यामात श्रम्न हिल मन्त्री कि এक्টा দোকানেরও নাম করতে পারবেন না?

The Hon'ble Prafulla Chandra Sen:

উखत्रेण प्रथ्या इत्याद्ध, वन्नाट भातव ना. काना नाहे।

(Noise)

Mr. Speaker: I would ask all to maintain orderliness in the House. The Food Minister says that he cannot answer unless a notice is given.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I do not think that there is need for any heat in this House. He says that he has not got the figures. If you give him notice he will give you the answers.

8j. Bankim Mukherjee:

স্যার, উনি আনএবল বলছেন না, উনি বলছেন দিতে পারব না—এ বদি হয়, তাহলে আপনার কাছে আপিল করবো ও'র ঘাড় ধরে বাধা করতে উত্তর দিতে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: You kindly give him a notice and he will certainly answer.

Supplementaries on Starred Question No. 73.

Sj. Bankim Mukherjee:

সেটা তো উনি বল্লেই পারতেন, উনি বলেছেন বলবো না।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

উনি বলেছেন নোটিশ দিলে খবর দেবো।

Sj. Sudhir Chandra Ray Choudhuri:

এরকম তর্কের, স্যার, কোন মানে হর না। ডাঃ রার ওটা আমাদের না বলে ও'র ভান পালে বিনি বসে আছেন তাঁকে একট্, ভয়ভাবে কথা বলতে বল্ন, তাহলে আর কোন অসুনিধা হর না।

Dr. Ranendra Nath Sen:

আমার সেদিন প্রথন ছিল ডি-র জবাবে তিনি-বে উত্তরটা দিয়েছেন তার মানে কি তিনি সেদিন বলেছিলেন রিপোর্ট অন কারেসিস আদ্ভ ফাইনাস্স ১৯৫৬-৫৭—তারপর আমি বধন বল্লাম বে না তাতে নেই, তখন উনি বল্লেন ১৯৫৫-৫৬, তারপরে আমি বখন বল্লাম বে ভাতেও নেই তখন আপনি বলেছিলেন বে ক্লেডিটেলসটা নিরে আস্নে। আমি জানতে চাই সোলটা রিপোর্ট অন কারনিস আদ্ভ কাইনাস্য কি মা?

Mr. Speaker: You saw me: I asked you to give a list; and you said that you will give it in the House. I do not know what time has been allotted. The only thing I know is that one hour has been allotted to Mr. Jyoti Basu. Let him begin.

Sj. Ganesh Chosh:

তা হ'লে টাইম দিক্তি না, নামের লিস্ট দিক্তি।

Mr. Speaker: Mr. Basu has got an hour.

Sj. Jyoti Basu:

কথা ছিল এক দিন হলে এক ঘণ্টা। সেইজনা বলছি আগে থেকে ঠিক ক'রে দিলে স্ক্রিয়া হ'ত। কারণ যখন অনাম্পা প্রস্তাব দিয়েছি তখন থেকে আমরা দেখেছি বিভিন্ন লোক আমানের কাছে এসে, আমরা বা জানতাম না, এইরকম খবর দিয়েছে বিভিন্ন দ্নশীতির বিষয়ে। গ্রাই এত জমে গিরেছে যে, সমর লাগবে। আশা করি আপনি বাধা দেবেন না।

Mr. Speaker: Let us begin; let us not lose time.

Sj. Jyoti Basu:

আমি বলতে আরম্ভ করছি। আপনি গণেশবাব, ও দেবেনবাব, ইত্যাদির সপো সমন্ত্র ঠিক করে নিন, নইলে অবিচার করা হবে। আপনি যদি হঠাং বলেন বন্ধ হয়ে গেল, আর বন্ধুতা হবে না, তা হ'লে পর একটা হটুগোলের স্থিট হবে এবং আপনারও ভাল হবে না, আমাদেরও ভাল হবে না।

Mr. Speaker: They must also be considered. The whole House must agree I am Speaker for the whole House. I do not represent either the Congress party or any political party. I shall be only too happy to agree to almost everything agreed upon

Sj. Sudhir Chandra Ray Choudhuri: You are Speaker not only for the whole House but for each and every individual.

Mr. Speaker: Exactly, for the whole House made up of every individual.

8j. Sudhir Chandra Ray Choudhuri:

আমার অনুরোধ ওদের কলভেকর ভার আপনি নেবেন না।

[2-40-2-50 p.m]

Si. Subodh Banerjee:

মিঃ দপাঁকাব, আপনি বোধ হয় জানেন ২০ বছর আগে এই হাউসে নো-কর্নাফডেন্স মোলন এসেছিল এবং এও আপনি হয়ত জানেন, তব্ আমি আপনাকে এটা পয়েন্ট আউট করছি ছে, ৮ই, ৯ই ও ১০ই সেই নো-কর্নাফডেন্স মোলনএর আলোচনা চলে—এটা প্রসিডিংসএ রয়েছে। সেই নো-কর্নাফডেন্সএর যে প্রসিডিংস সেইটে একবার আপনি দেখন।

Mr. Speaker:

হাঁ, তখনকার সেই প্রাসিডিংসএ তা তো থাকবেই।

8j. Jyoti Basu:

সেখানে তিনদিন ধ'রে আলোচনা হরেছিল, এক্ষেতে একদিন দিলে অভাশত কম হবে। সেইজন্য বলি, স্পীকার মহাশর, আপনি বদি আগে থেকেই বলে দেন তা হ'লে ঠিক হর। নইলে পরে গোলমাল হ'তে পারে। টাইম ঠিক করার ব্যাপার আপনার সোল ডিসক্লিশনএর উপর নির্ভার করে। তাতে আর কোন কন্ডিশন বা বাধা নাই।

Sj. Sudhir Chandra Ray Chowdhuri:

আমরাও এ সম্বশ্যে বলব বলে আপনাকে আগে থেকেই নোটিস দিরে রেখেছি, আগা করি সেটা ফরফিট হরে বার নি।

Sj. Jyoti Basu:

শ্রীসন্মর্থ রার বখন মন্তিসভা থেকে গদত্যান্ত করেন, আগনার মনে আছে, মিঃ ল্পীকার, আমি চারবার বলেছিলান এখানে দাড়িরে বে, রাজনীতিগত প্রশেন মতাররোধ ধালাসভার সন্তের C-22

হরেছে ব'লেই আমরা সংবাদপতে দেখলাম তিনি পদত্যাগ করেছেন এবং সেইজনাই আমরা তাঁর বিবৃতিটা শুনতে চাই, শোনবার পর আমরা বদি মনে করি বে অনাম্থা প্রস্তাব আনা দরকার তা হ'লে আমরা তা বিবেচনা করব। এবং সেই অনুযারী তাঁর বক্তৃতা হরেছে, অবশ্য আমরা তার পূর্বে অনাম্থা প্রস্তাবের নোটিস দির্মোছলাম। আজ বিশেষ করে মনে হক্তে এই অনাম্থা প্রস্তাব বদি আমরা না আনতাম তা হ'লে জিনসাধারণের কাছে আমরা অপরাধী হতাম। সাধারণ মানুৰ আমাদের এই কথা বলত যে, ভোট পান বা না পান, সে পরের কথা তাদের বিবেকের কাছে আপনার৷ আবেদন করতে পারতেন, আপনার৷ তাদের যুক্তিতর্ক দিয়ে বোঝাতে পারতেন, কিল্তু এরকম যথন ঘটনা ঘটল-একটা পর একটা বিবরণ দিলেন শ্রীসিম্পার্থ রার যিনি একজন মদ্দী ছিলেন, যিনি অভিজ্ঞতা থেকে কথা বলেছেন, তারপরে যদি আপনারা এরকম একটা অনাম্পা প্রস্তাব না আনতেন তা হ'লে আপনার। আমাদের থেকে অধিকার নিয়ে গিরেছেন, যে ভোট নিয়ে অ্যাসেমরিতে গিয়েছেন সে অধিকার অপ্নারা ফরফিট করতেন। সেইজন্য আমি মনে করি যে, এই অনাম্থা প্রস্তাব আমরা বিরোধী দলেরা যে একতাবন্ধ হয়ে সরকারের বির্দেধ এনেছি, এতে অন্তত জনসাধারণের বেশির ভাগ, এমনকি যারা কংগ্রেস্ক ভোট দিয়েছেন, তাদের মধ্যে অনেকে আনন্দিত হবেন, উৎসাহিত হবেন এবং আশা করি वाश्मारमरमत्र विভिन्न स्ममाग्न घरत घरत भारते घारते लाएक आनम्म छेश्मव कतरह, आमत्रा यथन এখানে দাঁডিয়ে সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আলোচনা করছি। আমি এখানে শ্রীসিন্দার্থ রায়কে ধনাবাদ জানাব, আমাদের কৃতজ্ঞত। জানাব এবং অভিনন্দন জানাব। কারণ তিনি সমুস্ত ম**ন্দিম-ডলকে অ**পরাধীর কাঠগড়ার দাঁড় করিয়েছেন। তাঁর বিবৃত্তির মধ্য দিয়ে এটা দাঁড করানোর পর ব্যাপারটা স্পন্টতর হয়েছে। বিভিন্ন মন্ত্রী সন্বন্ধে তাঁর যতটাকু জান, আছে, ব্যক্তি আক্তমণ না করেও--যদিও ব্যক্তিগত আক্তমণের অনেক কিছ্ ছিল, যথেষ্ট কারণ ছিল, সেদিক দিয়ে না গিয়ে তিনি তাদের নীতিকে, তাদের ভাতামির মাথোসকৈ ছি'ড়ে টাকরো টাকরো ক'রে ফেলেছেন, এবং বাংলাদেশের মান্যকে তিনি তাঁর ১০ মাসের অভিজ্ঞতা থেকে ব্রিয়ের ছেন-কেন তাদের ম্বারা কিছু হয় না কেন তারা কিছু করতে পারে না। আমরা বহুবাব এইসমস্ত স্বজনপোষণ নীতির, দ্নীতির ও চুরি জ্য়াচুরির কথা উল্লেখ করেছি মন্তিম-ডলের বিরুদেধ এবং বিভিন্ন মদ্বীর বিরুদেধ। নীতিগত প্রশ্নও তিনি আজ যা তুলেছেন তারও আলোচনা করেছি অমরা যার। বিরোধী। কিন্তু যথন একজন মন্দ্রী স্রেফ নিজের অভিজ্ঞতা থেকে বর্ণনা দেন তার গ্রেড় নিশ্চয়ই এসবের থেকে বেশি: বিশেষ কারে কংগ্রেস থেকে বারা এখানে আছেন তাঁদের পক্ষে আরও বেশি আমাদের পক্ষে যতথানি বেশি তার চেয়ে। আমি আবার তাকে ধন্যবাদ দেব।

আমি এখানে ১২ বছর থেকে দেখছি ঐদিকে যাঁর। বসে আছেন ভাল লোক, ভাল লোক তাঁদের মধ্যে যে কেউ নেই এ বিশ্বাস করতে আমি রাজি নই, কিন্তু আমি দেখেছি নয়থন কোন গ্রের্পূর্ণ ঘটনা হয় বা বখন চুরির কথা বাল, যখন আমরা এখান থেকে নানা রকম দ্নীতির কথা বাল, ওদিকে দেখেছি মন্ত্রীরা তাঁদের এমন চাব্ক মেরে রেখেছেন নইলে তাঁদের পার্রামট বা লাইসেন্স ইত্যাদি দিয়ে এমনভাবে বশ ক'রে রেখেছেন, যে-কোন কারণেই হোক সে কারণ আমরা জানি না, আমরা দেখেছি মের্দ্-ডহাঁন কতকগ্লি লোক প্রতিবাদ পর্যন্ত করতে একট্রুকু সাহস পান না এমনই দাঁড়িয়েছে। ভারতবর্ষের অনা কোথাও এমন হয় না—কংগ্রেসের সদস্য বারা আছেন পার্লামেন্টে সেখানে হয় না, অনা কোথাও হয় না। প্রশন পর্যন্ত অনেক সময় নিজ্ঞাসা কাউকে করতে দেওয়া হয় না, কোন প্রশন কংগ্রেসপক্ষ থেকে সদস্যরা এখানে জিল্ঞাসা করতে পারেন না। ১২ বছর এখানে আছি—এটা রেকর্ডেডি যে কংগ্রেস সদস্যরা এখানে প্রশন করতে পারেন না। মুখ্যমন্ত্রী এখানে বলে দিয়েছেন—ভোমাদের বদি প্রশন করতে হয় পার্টি মিটিংএ করবে, এখানে তা করতে পারেব না—বিরোধীপক্ষ স্বোগ পাবে,—এই হচ্ছে এখানকার গণতন্ত্র যা আমরা পার্লামেন্টে দেখতে পাই না—এইভাবের যে ভারত্বা তা আমরা এখানে দেখিছি। বারা ভাল লোক, সং লোক যাঁরা আছেন তাঁদের এই কাপ্রুয়ব্রতা, ভারতা আমরা ব্রহুতে পারি না। গণতন্ত্র এইভাবে তাঁরা মুখ্য বন্ধ ক'রে থাকবেন?

Or. Radhakrishna Pal:

মা জৈ, দ্রভাগ্য আমরা জ্যোতি বস্হতে চাই নে।

[Noise and interruptions]

Mr. Speaker: I say to all members of the House: "Let some restraint be shown in this matter".

Sj. Jyoti Basu:

স্পীকার মহাশর, আমার বছব্য কথ করবার চেক্টা করছে।

Mr. Speaker:

আমি অস্তত কথ করতে দেব না।

Si. Jyoti Basu:

আমাকে পারবেন না বন্ধ কবতে, আপনার ওদের থামাবার ক্ষমতা না থাকলেও ওদের এইছন্তর বাধা দেওয়াতে খ্ব বেশি কিছু এসে যায় না। ঐ ভদ্রলোক কি জানেন না তাঁর সম্বন্ধে এখানে কি রেকর্ডেড হয়ে আছে। আপনি যদি আাসেমারর প্রোনো প্রসিডিংস খ্লে দেখেন, দেখতে পাবেন মুখামন্দ্রী তাঁকে আখা দিয়েছেন—'ডক্টরেট অফ লাইজ'। তাঁর কাছ থেকে এরক্ম ডিসটারবাদ্স আসা আশ্চর্যের কথা নয়!

Dr. Radhakrishna Pal:

আরামবাগে এই কথা বলতে গিয়ে প্রতে পাদকে। বৃণ্টি হয়েছিল।

(A voice from the Congress Benches:

তখন উনি বিরোধীপক্ষে থাকতেন।)

(Shouts and interruptions)

(Si HEMANIA GHOSAL:

তোরা চুপ থাক, লক্ষা নাই >)

Mr. Speaker: Gentlemen to the left, it you want me to stop him, let me do it; otherwise I shall sit quiet. Dr. Pal, please don't disturb. Let us proceed in a restrained way.

(A MEMBER from the Congress Beuches:

কিছ; না জেনে কংগ্রেসের সমসত দলের দির্দেধ কিছ্ ব**ললে আমরা প্রতিবাদ করতে বাধা** হব।)

The Hon'ble Dr. Bidhan Chandra Rov:

আপনাকে যদি কেচ চোর বলেন াতা চালেই কি আপনি চোর হরে গেলেন? Hard words do not break any bones. Please don't disturb.

2-50-3 p.m.]

8j. Byomkes Majumdar:

বেসমুহত ভাষা উনি ব্যবহার করছেন তা সহা করা কোন মান্ষের পক্ষে সুম্ভব নয়, আর্পান স্পীকার হয়ে তাঁকে ভাষার উপর কন্টোল করতে বন্দুন।

Si. Nepal Ray:

নো-কন্মিডেস্স মোপন মন্তিমন্ডলীর বিরুদ্ধে, কাজেই মেম্বারের উপর ব্যক্তিগত আক্রমণের কোন অধিকার আছে কিনা জানতে চাই।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

কেউ বদি তোমাকে চোর বলে তা হ'লে কি তমি চোল হরে গেলে?

Dr. Radhakrishna Pal:

व्यथिषित न्यमं स्थान त्याम अस्मराजन।

8j. dyoti Basu:

স্পীকার মহাশয়, এমনিভাবে যদি.....

Mr. Speaker: All of you please keep quiet. You have the liberty to say everything which would establish that they are failing in their duties.

व्यार्थीन न्याभ्यात्मक्षणेत्क अक्षेत्र त्रत्राप्तेन कत्रनः।

8j. Jyoti Basu:

আপনি আমাকে অত্যাত আপত্তিকর কথা বললেন। কোন্ ল্যাপ্স্রেঞ্চা রেসট্টেন করব বালে দিন। আমি কি আপত্তিকর কথা বলেছি জানতে চাই।

You are not a Congressman. You are Speaker of the House.

ল্যা**প্রাক্তের রেস**টেন করতে বলেন আমাকে?

Mr. Speaker:

আমি সেকথা বলি নি, আমি বলতে চেরেছিলাম ...

[Noise]

Sj. Nepal Ray:

উনি, স্যার, বলেছেন....

Mr. Speaker: Why are you doing all this? Do you want the proceedings to stop? I want to know that.

8j. Jyoti Basu: Mr. Speaker, Sir, both sides can play this game. I want you to restrain the other side.

আমি আপনাকে এটা অনুরোধ করব যে, আমি যখন বলেছি চুরি জ্বয়াচুরি সেটা কোথার আনপালিরিংমেন্টারি কি বলেছি, কাকে বলেছি, আমাকে একট্ ব'লে দেবেন। ১২ বছরের বেলি এখানে আমি আছি, আপনার চেয়ে বেলি আছি। আপনার কাছে আমাকে পালিরামেন্টারি, আনপালিরামেন্টারি শিখতে হবে না, আপনি স্পীকারই না হয় হলেন।

Mr. Speaker:

না বাঝে চেযারকে আটোক করেন তে। কি করতে পার।

81. Jvoti Basu: Why did you say that?

Mr. Speaker:

আমি আপনাকে কিছা বলি নি, অসম্মানের কথা কিছা বলি নি!

8]. Jyoti Basu:

গোলমাল কে করেছে? যাদের ভদুতা পর্যাত নেই।

Mr. Speaker: I will not answer you.

Mr. Jyoti Basu: You may not. For rowdyism created in this House by members of the Congress, you cannot blame us.

Mr. Speaker:

অনান্ধা প্রসিডিং হচ্ছে, স্তরাং অনেক অপ্রিয় কথা বলা হবে, একথা আমি জানি। কিন্তু বোধ সাইডস অব দি হাউসএর কাছে অ্যাপীল করছি—

Let the proceedings go on properly.

Si. Jvoti Basu:

ও'দের দিকে তাকিরে বলনে।

Mr. Speaker:

সকলকেই বলছি-

I appeal to the members of the House: "Let the proceedings go on properly". I am fully cognisant of the fact.

I appeal to members of both sides of the House to let the proceedings continue.

Dr. Hirendra Kumar Chatterjee:

সারে, কথাটা হচ্ছে—অনা ক্ষেত্রে আপনি থামিরে দেন, আর আ**লকে অন্**রোধ করছেন **ধামতে**, এ দ'্টোর মধ্যে তফাত আছে। আপনি ইচ্ছা করলেই থামাতে পারেন, না থামিরে অন্রোধ করছেন কেন?

Mr. Speaker:

ব্যপ্তেট থামিয়েছি আনি কউকে উল্লেখ কবে বলি নি।

Sj. Sudhir Chandra Ray Chaudhuri:

আপুনি ইচ্ছা কবলেই থামাতে পারেন, এতে বস্ততাব বিশেষ কিছু নাই।

Mr. Speaker:

চেন্টা করব।

Sj. Benoy Krishna Chowdhury:

চেষ্টা কর্বেন কি কর্তেই হবে চেয়াবে যতক্ষণ আছেন। আপনার ক্ষমতা আ**ছে কর্বেন,** যদি বলেন পার্হছি না, ডা হ'লে নেমে যাওয়া উচিত।

8j. Jyoti Basu:

ম্পীকার মহাশয়, আমি বলভিলাম যে, কংগ্রেসের সং লোক যার। আছেন তাদের যদি আমরা ব ঝাতে না পারি যাতে ক'রে তাঁরা সরকারের বিরুদ্ধে ভোট দেবেন তা হ'লেও আমি আশা করি গভীরভাবে এবং আন্তরিকভাবে যে, অন্তত কিছ**় লোক** তাঁরা **সরকারের বিরুদ্ধে ভোট** দেবেন। এমন যদি নাও হয় তা হ'লেও এই অনাম্থা প্রস্তাব এখানে আসাটা আমাদের পরিচ কর্তব্য ব'লে আমি মনে করি। প্রথমে আমি একটা গ্রেমপূর্ণ ঘটনার কথা এখানে উল্লেখ করতে চাই শ্রীসম্পার্থশ কব রায়ের বস্তুতার কতকগুলি কথা নেবার আগে এবং সেটা হচ্ছে এই যে, আমরা সংবাদপতে দেখেছি এবং গত পরশতে এখানে জেনেছি বিরোধীদলের কোন সদস্যের কাছ থেকে যে, এখন সরকার শ্রীসিন্ধার্থ রায়ের বন্ধতার পর এমনকি দলিল পর্যান্ত জাল করবার বাবস্থা করেছেন। তার জবাব আমরা নিশ্চয়ই শ্নেব। তবে আমরা শ্নেছি বেছেতু শ্রীসিম্বার্থ রার বলেছিলেন এই সমুস্ত দুর্নীতির বিরুদ্ধে যে বিভিন্ন রুক্মের সাব-কমিটি, গ্রুপস হয়েছে मन्त्री जेन्नम्बर्देश्व निरंग छोता रकान काक करतन नि, विरम्य रकान तिर्भार्षे एम नि २।५ वन हाएा- এकता नाकि त्र्यापत अकरो भिर्विश्व ठिक इरहाह- किছ लाकरक एउटक निरंत अकरिक হরে একটা মিটিং হরেছে এবং সেখানে তারা ঠিক করেছেন যে, রিপোর্ট কিছু তৈরি করতে হবে, প্রয়োজন হ'লে ব্যাক ডেট দিয়ে রিপোর্ট তৈরি করতে হবে এবং দলিলও তৈরি করতে হবে-যে দলিল থেকে অন্তত এটাকু প্রমাণ হবে যে, কিছু কিছু রিপোর্ট যে একেবারে কেউ দেন नि वा कि एकान काल करतन नि- अपे। यन ना हरा। अपनिष्ठ प्रकेष बान मीमन किहा হৈছির হয়েছে, এটা অত্যন্ত আন্চর্যজনক ঘটনা, আমরা প্রথমে এটা বিশ্বাস করতে রাজি হই নি, বদিও বছ্দিন ধরে আমরা কংগ্রেস সরকারকে জানি কিন্তু এই যে খবরটা আমরা পেরেছি এবং বেভাবে জিনিসটা আমাদের কাছে এসেছে তাতে অবিশ্বাস করবার কোন কারণ নেই। একজন কংগ্রেকের সদস্য ধরা পড়ে গেছেন পরশাদিন বখন এই রকম দলিল তৈরি কর্রাছলেন। ভাঁকে বখন জিজ্ঞাসা করা হয় বে. এইরকম নাকি আপনি দলিল তৈরি করছেন ফোর্জভ ভকুষেন্ট, তখন তিনি বললেন, না, ফোর্জাড় কিছু নর, আমরা মুখে মুখে যা বলেছিলাম সেটা ধান লিখে দিছি, সই করে দিছি। ডেট করের দেবেন এটা বলাতে তিনি চলে সেলেন।
ক্র্পীনার মহাশর, এরকম জিনিস বদি কোন সরকার করতে পারেন তা হ'লে এই জনাম্পা
প্রশ্নতাব আলোচনা করবো কি? এখানেই তো আলোচনা লেব হরে বাবে বে, এই সরকার
এমন অবস্থার এসে পে'ছিছেন মিল্টম'শুলীর জনতও করেকলা নে নেতৃত্বে বে নিজেনের বঁটাবার
খনা, নিজেনের কথা সাজিরে গর্ছরে সাধার্কী মানুহের কাছে বলবার জন্য তাঁরা জাল প্রশন্ত
খরতে আরম্ভ করেছেন। এই ভকুমেন্ট জাল করা, দলিল জাল করা এটা আমরা আগে কথনও
বলি নি কিন্তু এবার এরকম দেখছি যে, দুদিন ধরে এই খেলা চলছে। তারপর আমি বলব
বে, শ্রীসিম্পার্থ রায় খাদ্যের বিষয়ে এবং খাদ্যমন্থীর বিষয়ে অনেক কথা বলেছেন।
আঠা মনে হচ্ছে যে, আজকে য'দের অপরাধীর কাঠগড়ায় দাঁড়ানোর কথা ছিল শৃথু আমাদের
কাছে নয়, এই আাসেমব্লিতে নয়—আাসেমব্লিতে তাঁকে দাঁড় করিয়ে দিয়েছেন সিম্পার্থ রায়
মহালর কিন্তু আমি বলি যে, আপনাদের তো প্রিভেনটিভ ডিটেনশন আর্ট্ট আছে, তাতে ঐ
ভন্তলোককে ধরা গেল না, ও'র হাতে হাতকড়া পড়ল না ভন্তবেশে এখনে এসে তিনি বসে
থাকেন কি করে?

[3-3-10 p.m.]

চারিদিকে দ: ডিকের করাল ছারা। খাদামন্দ্রী বলেছিলেন ১২ লক্ষ টন খাদা কম পডেছে পশ্চিম বাংলার, আবার এখন বলছেন ৭।৭॥ লক্ষ টন কম পডছে। এই সময় এই ভদুলোক যে প্রদেনান্তর দেন তা শানে আমি স্তম্ভিত হলাম – প্রশেনান্তরে স্পণ্টভাষায় তিনি বলেছেন, কন্টোল অর্ডারএ ২২।২৩ টাকা দরে বিক্রি হয়. এর বেশি কি করে হয় আমি জানি না।" তাকে বলেছিলাম, "খাতাপত দেখবার অধিকার আছে কিনা", তিনি বল্লেন, "আছে, কিন্তু খ'জে বার করা প্রয়োজন মনে করি না"। অথচ তারপর তিনি বল্লেন, "হোলসেলএর উপর আমার অধিকার আছে, কিল্ড যারা রিটেল বিভি করে তাদের উপর আমার কিছ,ই করার নাই"—এইরকম কথা বিনি বলেন, এইরকম অসত্য কথা বিনি বলেন, বিনি জেনেশনে এই কথা বলেন, আমি বিল তার থেকে বড় ক্রিমিন্যাল আর কি হ'তে পারে। এখানে কালিপদবাবরে কথাও উঠেছে। कामिशनवाद, ग्रांका निरम पर्-ठावणे काववाव करवाहन, ग्रांका निरम श्रीमंत्र खेंक देकेनियन ভেশে দিয়েছেন –এইসব তিনি করেছেন। তিনি দ্-চারটা খ্ন করবার ব্যবস্থা করেছেন, আমাদের উপর হস্তক্ষেপ করেছেন ; কিন্তু মানুষের খাদ্য নিয়ে যে অপরাধ সেই অপরাধ কালিবাবরে নর এই অপরাধে অপরাধী হলেন শ্রীপ্রফল্লেচন্দ্র সেন। খাদ্য উপদেণ্টা কমিটিতে আমি একথা বলেছিলাম-মুখামল্মীর মনে থাকবার কথা তাঁর মনে থাকতে পারে যদি তিনি সতা কথা বলেন –আমরা বলেছিলাম উ'চুনীচু দর বে'ধে দিন। এই কন্টোল অর্ডারএর কথা **আংগে** আমাদের জ্ঞানা ছিল না মন্ত্রীরাও জানতেন না⊹ আমরাও জানতাম না∵আমরা বলৈছিলাম একটা দাম বে'ধে দিন। এমন কি কোন আইন নাই কত দামে তারা বিক্তি করতে পারেন তার একটা দাম বে'ধে দেওয়া যয়। মুখ্যমন্ত্রী তখন একটা অস্পণ্ট ভাষার বলবার চেন্টা করেছিলেন--দেখব কেন্দ্রীয় সরকারের ক্ষমতা আছে কিনা- এসব কথা তিনি বলেছিলেন। কিন্তু প্রফ্লেবাব, তাঁর পাশে বঙ্গে বলেন, কোন ক্ষমতা নাই ঠিক একথাই তিনি ব্লেছিলেন। এখন আমি নিজেকেও অপরাধী মনে করছি বাংলাদেশের জনসাধারণের কাছে এই এসেপিসয়াল কমোডিটিজ আইএর বিষয়ে কেন আমরা এই এসেন্সিয়াল কমোডিটিজ আইএ চেপে ধরিন। **জীসিম্থার্থ রায় যদি মন্তিয় তালি ক'রে বেরি**রে এসে একথানা বলতেন তা হ'**লে আমরা** স্থানতাম না, এভাবে অন্ধক।রেই কারবার করতেন। এই কারবারে লোকের পয়স। আছে, ধন আছে আমরা জানি। আজকে এই অবস্থা করেছেন তারা। আমার মনে হয় এই **ভব্ন**লোককে শৃংখলিত করা উচিত এবং ষেখানে আজ ডাঃ সংরেশচন্দু ব্যানার্জিকে আটক রাখা ইরেছে সেখান থেকে ওকে খালাস করে একে রাখা উচিত। কিন্তু এই জিনিস এখানে হবার উপায় নাই এবং এটা আজকে শুনছি যে আজ দুট্দন ধরে অনেক আইনের বিচার হচ্ছে, এবং স্পীকার মহাশর, আপনার একটা ক্রথা শানে—কালকে বধন এখানে বৃহিত উচ্ছেদ আলোচনা হচ্ছিল তখন আপনার একটা কথায় আমি আর্লাঞ্চত হরেছি—আর্পান অনেক বইটই পড়েছেন এই ব্যাপারে বাই হোক তারা আপনার কাছে নিন্দরই লিগ্যাল ওপিনিয়ন নিতে আসেন নি। কিন্ত আমরা শ্রেছি এই রক্ষ লিগালে ওপিনিয়ন নেওয়া হচ্ছে যাতে এটা সাজিরে গ্রেছেরে লোকের नामरन प्राचा बात । बाहे रहाक, चाना निरंत बीता रचना करतन, मान,रवत क्रीवन निरंत बीता रचना

করেন-জেলার জেলার প্রায়ে প্রায়ে আমরা বখন বাই ব্যক্তম্ন নরনারী আরাজের করেছ আলেন ক্ষতে পর্নাতি সাহাব্যের বাবস্থা করা বার তার জন্য-হাজার হাজার মানুৰ বুর খেকে পারে ছেটে এসেছিলেন কলকাতার ব্বকে যদি কোন আন্দোলন করে, যদি কোন চাপ সুষ্টি করে কিছু व्यापात कता वात धरे जानात। जामता आत्र मृ-धको कथा वार्लाह्माम-वथन नष्टम झान উঠেছিল সেই চাল কিনে নিয়ে সমস্ত জেলার জেলার গুলামজাত করে রাধার জন্য। **এই** ৰছর এখনই চালের দর ৫।৭।৮ টাকা বেশি দেখতে পাছি, আগামী দিনে অবস্থা আরও খারাপ **হবে। কিন্তু আমাদের কথায় কেন কর্ণপাত করা হয় নি আগে ভাল ক'রে বৃত্তি নি।** কেন্দ্রীর সরকার আমাদের টাকা দেবে না-- আমরা কেন্দ্রীয় সরকার থেকে কিছু টাকা নিন্দর্যাই আনতে পারতাম ব^eদ আমরা এই বিষয়ে চাপ দিতাম। এখন আমরা ব**্রুতে পার্ছি শ্রীসিম্বার্ছ** রায়ের বস্তুতার পর কেন করা হয় নি। দ্বিতীয়ত, ২৫ ভাগ আপনারা নি**ছে**ন, ৬০ **ভাগ কেন** নিচ্ছেন না? আমবা ভেবেছিলাম কেন্দ্রীয় সরকার পারমিশন দিক্ষেন না- আমরা ভেবেছিলাম কোন আইনের ব্যাপার টাপারই হবে। আমরা বলেছিলাম, ৭৫ ভাগ কেন মিলমালিকদের হাতে ছেডে দিছেন আগান দামে বিক্লি করবার জনা। সেদিন প্রফালবাব, বহু, স্ট্যাটিসটিকস দিলে বলেছিলেন কোন ক্ষমতা নাই তিনি তখন ফ্রি-মাকেটএর কথা বলেছিলেন। এরপর আমি বলি যদি কাউকে ফোর্জারি অপরাধে অপরাধী করতে হয়- যদি এজনা কাউকে টেনে হিচ্চত জেলে নিতে হয় য'দ কারুর হাতে কড়া পড়া উচিত--আমি বলি যদি এতেও তারা ম**ল্ডিসভা** জ্যাগ না করেন তা হ'লে মানষ আর কিসে বিশ্মিত আশ্চর্ষ হবে। আর কোন অপরাধের কথা বলব এই সরকারের বিরুদেধ। এটা যদি অন্য কোন গণতদ্য হ'ত যে গণতদ্যে ও'রা বিশ্বাস করেন--সেই জায়গা হ'লে অমার মনে হয় তাঁরা নিজে থেকেই পদত্যাপ করতেন। এই স্ক্যান্ডাল, এই ঘটনা হঠাৎ হয় না, অক'স্মক্ডাবে হয় না, এই ঘটনা একেবারে ইচ্ছাকৃত এবং এজনাই আমি শ্রীসিম্ধার্থ রায়ের একটা কথার সপো একমত নই। তিনি আর क्ছি ৰুম্বতে না পেরে বলেছেন ইনস্যানিটি--আমি বলি, এটা ইনস্যানিটি নয়--লক লক মানুৰ ৰখন অনংহারে অধাহারে আছে তখন তারা স্পরিকল্পিতভাবে এ জিগিস করেছেন-there is a method in this madness.

ইচ্ছাকৃতভাবে রাইটার্স বিশিতংস-এ বাসে এই অপরাধ তার। করেছেন সম্প্রতি। কেন? এই একমাত্র কারণ হচ্ছে, এই যে সব মিলম'লিক যাদের হাতে এ'রা খাদা ছেড়ে দেন ভাঁদের কাছে এ'দের হাত পাততে হয়, লক্ষ লক্ষ টাকা তাঁরা দেন সরকারকৈ কংগ্রেস পার্টিকে দেন---এবিষয়ে কোন সন্দেহ নাই। এজন্য তাদেরকে এ'দের খোসামোদ করতে হয়, তাদের হাতে মানাবের খাদা ছেড়ে দিতে হয়, যদি কোন একটা আকস্মিক ভলের জনা ছোটখাট চাটি হ'ড छा हे त्ल किन्नु वलांत निरं, ना किन्छ এটा एवं पिवार्रणारकत मर्छ न्नपर्छ। आनि ना **এখন जीता** কোন দলিল আমাদের দেখাবেন, কোন জিনিস আমাদের কাছে রাথবেন এটা প্রমাণ করবার জনা ষে, তাঁবা বা করেছেন ঠিকই করেছেন। তারপর আমরা এ জিনিস দেখছি যেটি আমরা বারবার বলেছি যে জিনিস শ্রীসিন্ধার্থ রয় দশ মাস কংগ্রেসী মন্তিছের অভিজ্ঞতা নিয়ে বলছেন--কি ছাল : কংগ্রেসী রাজত্বে একটা পরিকলপনা হয়ে গেল, ন্বিতীয় পরিকলপনার এই ভূতী**র** ৰংসর হওয়া সত্ত্তে আমরা দেখছি অগণিত মানুষ, বেশির ভাগ মানুষ গরিব থেকে আরও পরিব হচ্ছে: অ র তবু প্রফ্লেরাবু বিধানবাবু বলবেন, আমরা ডেডেলপড্ ইকনীম করছি। মান্বের ক্রক্ষমতা কুমাগত কমে বাচ্ছে, এটা ঠিক কিছু কিছু লোকের ক্রক্ষমতা বাড়ছে— কোটিপতি মড়োয়ারী, বাশ্যালী কোটিপতি, ইংরেজ কোটিপতি এরা সব বড় থেকে আরও বড় হচ্ছে—এ বিষয়ে কোন সন্দেহ নাই। কিন্তু জনসাধারণ, মজদ,র, কৃষক, মধাবিত্ত সাধারণ मान्य काथायः? काथाय जारमञ्ज आभनाता ठितन स्म्यन मित्कन-धरे कथात উखन आमना हारे।

(3-10-3-20 p.m.)

কোটিপতি থেকে কোটিপতি হচ্ছে। কিন্তু জনসংধারণ বারা মজুর, কৃষক, মধ্যবিত্ত, সাধারণ জানুষ- তাক্স কোথায় ০ কোথায় তাদের আপন রা ঠেলে দিয়েছেন।

(Interruptions from the Congress Benches)

(A voice: কেরালাতে তাঁরা তাদের কে.ধ য় ঠেলে দিয়েছেন?)

Mr. Speaker: I would request you not to interrupt.

Sj. Jyoti Basu:

ু এর উত্তর আমি চাই, জবাব চাই। এটাও আমি জানি এই সমস্ত অস্তানীহত কংগ্রেস নীতির মধ্যে, যে বৈজ্ঞানিক নীতি আপনারা অন্সরণ করছেন, যে পন্ধতিতে আপনারা কাজ করবার চেন্টা করছেন তাতে আপনারা দেশের সর্বনাশ করছেন। পঞ্চবার্যিকী পরিকল্পনা প্রভৃতি বত বড় বড় কথাই বলনে না কেন, বেঁ পথে আপনারা চলেছেন, বে নীতি আপনারা গ্রহণ করেছেন এতে অব্যবস্থাই হবে। আমি বলব দুর্ভাগ্যবশত সেই অবস্থা হয়েছে। আমি দর্ভাগ্যবশত বলচ্ছি এইজন্য পঞ্চবার্ষিকী পরিকল্পনাকে যদি আপনারা কার্যকরী করতে না পারেন, বা যে পথে আপনারা একে কার্যে পরিণত করতে যাচ্ছেন গরিব মান্যের উপর বোঝা চাপিয়ে, তাতে বড়লোককে আরও বড় করছেন এবং গরিবকে আরও গরিব করছেন। এইভাবে ষদি তাকে কার্যে পরিণত করেন তা হ'লে আমি দর্ভাগ্যবশত বলছি সেটঃ আমাদের উপর এসে পড়বে এবং এর চাপে পড়ে অসংখ্য গরিব মানুষ, জনসাধারণ মারা যাবে। এইজন্য আপনাদের অপরাধের জনা, আপনাদের বিরুদ্ধে অনাম্থা আনা হয়েছে। এর চেয়ে বড অপরাধ षात कि २'ए० भारत। य रतकान्धे, या कन शराह--ठाई एमथ वर्माছ--आभनाता भरत यान। আর কতদিন এমনি করে গদি আঁকড়ে থাকবেন। কিসের মোহ? বলৈ দিন আমরা পারছি না, আমাদের দ্রান্ত পথ। যদি কেউ থাকেন এসে গ্রহণ কর। মূথে তাঁরা অনেক কিছু বলেন. কিন্তু কার্যক্ষেত্রে তা তারা করতে পারেন না। আমি দেখছি সিম্ধার্থ রায় এইরক্ম অনেক ঘটনার কথা বলেছেন। আমাদের রুর্যাল ইকর্নামর কথা বলেছেন, গ্রামের কথা বলেছেন, আরও বিভিন্ন বিষয়ের কথা বলেছেন, আমি তার পনেরাবৃত্তি করতে চাই না। যেগ**ুলি উ**নি বলেন নি সে সম্বশ্বে আমি দ্র-চারটা কথা আপনাকে মনে করিয়ে দেবার জন্য বলব। আমাদের বর্তমান সরকার কতটা অপরাধী দেখন। তারা মান্ধের কাছে এই কথা বলেছিলেন-শিলেপর **ক্ষেত্রে** তাঁরা প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অনেক কিছু করবেন। কিন্তু প্রথম পঞ্চবার্ষিকী পরিকলপনায় তাঁরা একটা শিলপও গড়ে তোলবার ব্যবস্থা করেন নি। তখন তাঁরা বললেন প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কিছু করতে পারলাম না, এর পরবতীকালে আমরা নিশ্চয় করব। তারপর যখন দিবতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার কান্ত হাতে নেওয়া হ'ল তখন কি অবস্থা হ'ল দেখন। তাতে একটা কোক ওভেন স্প্রান্ট ছাড়া, আরও তিনটা স্পিনিং মিল कत्रवात कथा हिला। किन्छ प्रभारत एतथा शाल-छाँता वलालन मुछा न्निभिन्श मिल शर्व ना. একটা হয়ত হতে পারে। এই হ'ল তাদের শিল্পের ব্যাপার। শিশ্পের ব্যাপারে তারা এগতে পারলেন না, আর সেখানে প্রাইভেট সেক্টর শতকরা ৯৯ ভাগ শিলা দখল ক'রে বসে আছেন। তারা বডলোক থেকে বডলোক হচ্ছেন এবং দেশের টাকা বিদেশে চলে থাছে, অথচ তাদের উপর পরকার হস্তক্ষেপ পর্যন্ত করেন নি। ঠিক এইভাবে আমরা দেখছি গ্রামের কৃটিরশিল্প ধ্রংস करत निरम्भादन, कामात, करमात, छौडी प्रकरन धर्रप्रश्राच्छ। यथारन आश्रनाता हाछ निरम्भादन, থেমন কো-অপারেটিভ, হ্যান্ডল ম বা যার কথাই বলনে না কেন, সমস্ত ধরংসপ্রাণ্ড। আর ক্রোডট বাৰ্ত্তির কথা সে তো সিম্পার্থ রায় বলে গিয়েছেন। ছোট ছোট ইন্ডান্টি যেগলো বিশেষ क'रत वाश्मानीत शास्त्र हिन, स्म्थारन्छ हमश्कात घटेना। मृ-धकवात वर्लाह, यावात यात्र-একবার না ব'লে পারছি না। এখানে বিধ নবাব, তিন-চার বছর আগে তার একটা বাজেট স্পীচে বলেছিলেন, হাওড়ায় মাল ইন্ডাম্মিজ, ইঞ্জিনীয়ারিং ইন্ডাম্মিজকে বাঁচাতে হ'লে সরকারকে সাহায্য করতে হবে এবং এখানে এর উপর বহু লক্ষ্ণ ক্ষানুষ নির্ভরশীল। তারপর তারা এর জনা যা বরান্দ করেছিলেন, অর্থাৎ ১৬ লক্ষ টাকা ১৯৫৫-৫৬ সালের বাজেটে বরান্দ হ'ল, কিল্তু তার একটি পয়সাও খরচ করেন নি। তারপরে ন্বিতীয় পঞ্চবার্ষিকীতে ভারা বাবস্থা করেছিলেন ৭৪ লক্ষ টাকা এর জনা থরচ করবেন ব'লে। কিন্তু আমরা দেখলাম ১৯৫৬-৫৭ সালের বাজেটে ২৪ লক্ষের কিছা উপর টাকা বরান্দ হয়েছিল, স্মল ইন্ডাস্টিজএর জনা, কিন্তু সেখানে মাত্র পোনে দৃ' লক্ষ টাকা খরচ করেছিলেন, বাকিটা খরচ পর্যন্ত করতে পারেন নি, একথা তারা স্বীকার করেছেন। যে বাপা:লীদের বাঁচাতে হবে, তাদের জন্য টাকা वदान्य करतह्वन, किन्छु स्म ठोका छौता धत्रक्र-कत्रत्छ भारतन नि। वाश्नाम्मर्भत वद्, लाक स्मथान থেকে আশ্রর পার, খাদা পার, এবং এই দিলপগুলি বাপালীর হাতে আছে, অথচ বে টাকা তার জনা বরান্দ করেছিলেন, তাও পর্যান্ত খরচ করতে পারলেন না,-এরকম চমংকার কর্মান্সতা क्षरे जनकारद्वा।

তারপর বেকারী-সমস্যর দিকে দেখন। সেখানে আরও চমংকার বাকশা। বত বছরে বছরে পদ্তবার্ষিকী পরিকল্পনা এগক্ষে তত বেকারের সংখ্যা বাড়ছে। গ্রামে তিন মাসের বেশি, লোকের খাদ্য থাকে না, তাদের কান্ধও থাকে না, চতুদিকৈ হাহাকার। টেস্ট রিলিক্**এর কান্ত** দাও, ধররাতি সাহাবা দাও, তা না হ'লে লোক বাঁচতে পারে না। বিধানবাবা বললেন এত লোক वि-ध भाग करत रकत? जाता कि कतरव? वाश्मारमस्यत हारेकरम जिल मन्द्र मान्य काम कत्रज. আৰু সেধানে আড়াই লক্ষ মান্য কাজ করছে। সেজনা যেদিকে তাকাই, এই ভাষ। খাদ্য-সমস্যা, আনএম লয়মেন্ট প্রবেম, বেকারসমস্যা সমাধানের ব্যাপার, সব কিছু, আজ দেশের সামনে ভীষণ আকারে দেখা দিয়েছে। দিনের পর দিন বেক রীর সংখ্যা বেডে যাছে। কিল্ড অন্ডড कावशानास याँचा के के केवरहरू, औरनव क्रिकेटेंगे वन्ध केवरूर। स्मियात भिनिन्नीत स्मिनिन सेश्वास দীভিয়ে উঠে বললেন আমি অর্ডার দিয়ে দিয়েছি সব বন্ধ হরে বাবে। উনি অর্ডার দিয়েছেন, কিন্ত ওকে কেউ পরোয়া করেন : বড় বড় সাহেব বা মাড়োয়ারী, তাঁরা কি কেউ তাঁকে দেখে চেরার ছেডে ওঠেন বা তাকে বসতে দেন? এদের ডেকে পাঠালেও তারা আসেন না। তিনি ডেকে পাঠান না, মার্টিন বার্ন, লেসলি মার্টিনএর স্যার বীরেন মুখার্লিকে, তিনিও আসবেন না। তার কি ক্ষমতা আছে? কিছুই ক্ষমতা তার নেই। কিছুই আপনারা করতে পারেন না। কারণ ও'দের কাছে আপনারা অতিমান্তার ঝণী ংলেই, ও'দের গারে হাত দিতে পারেন না। কমিটি করলেন চটকলেব রিক্রটেমেন্ট বন্ধ করবার জন্য। কিন্ত কোথায় কি इंज ? क्रिमिंग करत, इन्टिक्टिश्वेष करत्व, तिर्धेश्वामणे तन्थ कत्र लिए भारतन नि। विराम श्वास ন্তন ন্তন মেসিনারি এনে আলমবাজার প্রভৃতি বিভিন্ন চটকলের শ্রমিকদের ছটিটেই করা হচ্ছে। এইরকম বহু থবর অমাদেব কানে এসে পে'চিচ্ছে। কাজেই এই যে সমস্যার বিষর, যেটা আমরু বাবে বলছি এটাও যদি সমাধান করতে না পারেন, তা হ'লে **আপনাদের** পশুবার্ষিকী পরিকলপনার কথা এলা চলে না। কথা ছিল পশুবার্ষিকী পরিকলপনা যখন এগাবে তখন বেকার মানুষের সংখ্যাও কমবে। কিন্তু আপনারা তা পারেন নি। এবং না পেরেও এমন লম্জাহীন, সীমাহীন ঔষতা যে তব্ত গদি আঁকড়ে বসে থাকব। এইভাবে কি আমাদের দেশের ডেভলেপিং ইকনমি বাডবে । ঠিক সেইভাবে আমরা দেখছি কলক তার এবং শিল্পাণ্ডলে বাডিঘরের অব্যবস্থা। এখানে তা নিয়ে অনেক আলোচনা হয়েছে। আমি সেই ফিগারএর মধ্যে যেতে চাই না। অনেক সময় লাগবে। কিল্তু এগ্লো কি বিধানবাব্র জানা নেই ^২ কলকাতায় ও তার আলেপাশের প্রায় শতকরা ৩৫ ভাগ বাড়িতে জলের কলের ব্যবস্থা নেই। পথে গাড়ি ক'বে আসবাৰ সময় কি তিনি দেখতে পান না যে রাস্তার জলের কলের धारत वरा नवनात्री किछे धरद मीज़िस्त आरक्ष करनात व निष्ठ शास्य निस्त कन स्नवात कना? ছোট ছোট বস্তিতে যার৷ বাস করে, সেখানকরে মা-বোনেরা সারি দিয়ে বালতি লাগিয়ে জল নেবার জনা দাড়িয়ে গিয়েছে, এটা কি তিনি লক্ষ্য করেন নি?

ম্থামণ্ডী তিনি একজন ডাঞ্চার, কপে'রেশনএর মেয়রও তিনি ছিলেন, কত জারগায় কত কি হয়েছিলেন, কিন্তু এইগ্রেলা কি তাঁর নজরে পড়ে না? কিছু বললেই বলেন, আমি কি করব, কপোরেশন করবেন। কপোরেশন যদি সেই সমসত বাবস্থা না করেন, তা হ'লে আপনার সরকারের কি কোনরকম দায়িছ নেই? এই কথাই কি সরকার বলতে চান? আমি জানি যে কথা তিনি এতদিন বলে এসেছেন সেই কথাই বলবেন। শুধু জলের কলের সমস্যা নয়, পারখানার বাবস্থাও শতকরা ১৪ ভাগ বাড়িতে নেই। বহু জায়গায় কমন ল্যাটিনএর বন্দোবস্ক রাখা হয়েছে, পেখানে মেয়েদের পর্যাত যেতে হয়। ইংরাজ আমলে য'ছল, বোধকরি তার চেয়েও বেশি খারাপ হয়েছে। কারণ, পশ্লেশন, লোকসংখ্যা বাড়ছে। তারপর ৭০ ভাগ বাড়িতে রাধবার জায়গা নেই। যেখানে তারা ছেলেণিলে নিয়ে থাকে সেখানে খায়ায় তরে বাছ অয় তাদের অতাসত নোংরার ভিতর থাকতে হয়। এইভাবে তাদের দিনের পর দিন কাটাতে হয়।

অবশ্য এতদিন পরে তাদের জন্য সরকার যে বিল আনলেন তার বিরোধিতা না ক'রে পারি না। এমন বিল তাঁরা আনলেন দশ বছর পরে যে, তাও কেট গ্রহণ করতে পারছে না। .

[3-20-3-30 p.m.]

তারপর আরও একটা চমংকার ঘটনা আছে। প্রমিকদের বাস করবার জারগা নেই বলে শহরাক্তলে তাদের বাড়ি হবে বলে ইন্ডান্টিরাল হাউসিং স্কীম হল। প্রথম পরিকল্পনার

বেখানে ৭১৬টি টেনেমেন্ট করবার কথা সেখানে ১০০টি মাত্র কম্পিটে হল। কিন্তু এর কোন এক্সকিউন্স নেই। এই হচ্ছে এ'দের কর্মদক্ষতা। ন্বিতীর পরিকশ্পনার বেখানে ১৪ হাজার টেনেমেন্ট করবার কথা সেখানে আজ অবধি ৭১৬টি তাঁরা তৈরী করেছেন। আমি জিজ্ঞাস্য করি এটা তৃতীর বংসর, আর ২ই বংসরে কি তারা সেই ১৪ হাজার করে ফেলবেন ভেবেছেন? আমি বলছি তা অসম্ভব। তারপর লো ইনকাম হাউসিং সন্বন্ধে বলব। এই ভোটের জন্য তারা এটার বাবস্থা করলেন যে তাঁরা কিছ্ লোককে টাকা ধরে দেবেন। সেখানে আমরা দেখলাম ১৯৫৪ ৫৬ সালে এটা সেম্ট্রাল গভর্নমেন্টের টাকা নিজের টাকা নয় সেম্ট্রাল গভর্নমেন্ট স্যাংশান করলেন ২ কোটি টাকা, কিম্কু আমাদের স্টেট গভর্নমেন্ট ১ কোটি ২২ লক্ষের বেশী দিতে পারকোন না। সেখানে কথা ছিল যে এক হাজার ৬২টি পরিবারকে এইভাবে তাঁরা ৰাকম্পা করবেন, কিন্তু আমাদের ধারণা যে দ্-চারটে ছাড়া এগালির আর কিছ,ই হয়নি। আর বেগন্লি হয়েছে সেগ্লির কথা পরবতীকালে বলা যাবে এবং সেখানে মন্তী, ডেপ্টী মন্তী, তাদের আত্মীয়স্বজনদের পাওয়া যাবে। অর্থাৎ তারা বা তাদের লোকজন লোন নিয়েছেন, বাড়ী করেছেন। তারপর অনেকসময় শ্রীঅজয় ম্থার্জি তাঁর সেচ ব্যবস্থা সম্বশ্ধে এখানে বভুতায় প্লাবন স্ভি করেন। আমাদের হিসেবের সঞ্জে ও'দের হিসাব কখনও মেলে না এবং আমি মনে করি যে সমুদ্ত ভূল তথ্য ওদিক থেকে তারা আমাদের পরিবেশন করেন। কিন্তু তবুও আমি বলি যে প্রথম প্রানের টার্গেট অনুযায়ী এখানে ১১ লক্ষ একর জায়গায় সেচ-ব্যবস্থা করবার কথা ছিল এবং তার উপর আরও ৬ লক্ষ একরে তাঁরা সেচ ব্যবস্থা করবেন। কিন্তু সেখানে দেখা গেল যে ৪ লক্ষের বেশী তারা উঠতেই পারলেন না এবং প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় ২ লক্ষ একর করেছেন। কেন এটা হল কেউ তা জানে না। আমি সেদিন হাওড়াতে একটা জায়গায় গিয়ে শ্নলাম যে খাদ্যে হাওড়াকে স্বয়ংসম্পূর্ণ করা যায় যদি সেখানে কে'দ্যা খালের বাবদ্ধা করা যায়। তাদের এই পরিকংপনা যেটা ইংরেজ আমল থেকেই আছে সেটাকে যদি কার্যকরী করা যায় তাহলে সমসত হাওড়া খাদো স্বয়ংসম্পূর্ণ হতে পারে। সেখানে বে ২।২) লক্ষ একর জমি আছে তাতে একটা ফসলের বাবস্থার জন। যদি ভালভাবে জল দেওয়া যায়, থাল কেটে জল নিকাশের ব্যবস্থা হয় তাহলে এজিনিয় হতে পারে। কিন্তু সেসব না করে এতদিন পরে রিভাইজ করে তারা বললেন যে অম্ক করলাম ইত্যাদি, অথচ সেই কাজে তারা হাত দিচ্ছেন না। তারা বলেছিলেন প্রথম পঞ্চবার্ষক পরিকল্পনায় খাদ্যে আমরা ভারতবর্ষকে বাংলাদেশকে স্বয়ংসম্পূর্ণ করব যাতে করে আমাদের দেশের টাকা বর্গহরে না যায়। অর্থাৎ টাকা আমরা যা পাঠাব[ু]তা মেসিন কেনবার জনা এবং খাদা আমদানী করবার জনা টাকা বাহিরে পাঠাব না। তারপর জমির কথা, ল্যান্ড রিফর্মের কথা বেশী নাই বললাম। এটা অতি স্কৃত্যট হয়ে গেছে যেটা শ্রীসিম্ধার্থবাব, ভেতবে গিয়ে ব্রেছিলেন সেটা আমরা বাহিরে থেকে অনেক আগেই ব্রেজ গেছি যে এতে কোন ফল লাভ হবে না। সরকার থেকে বলেছিলেন যে কৃষকদের মধো জমি বিতরণ করবার জনা কৃষককে জমির মালিক করবার জন। আমরা ৬ লক্ষ একর ইুমি পাব। প্রথমে যা বলেছিলেন এখন সেটা কমতে কমতে এক লক্ষতে এসে ঠেকেছে। তাঁরা মাত্র ৪৮ হাজাব বিঘা জমি পেষেছেন। আমি বলি যে তথাটা বড় কথা নয়, বড় কথা। আজকে যা আমরা এই অনাস্থা প্রস্তাবের ম্বার, বলতে চাই সেটা হচ্ছে যে এইসব ইচ্ছাকৃতভাবে করা হয়েছে। এ'দের বন্ধ,বান্ধব, আত্মীয়ান্ধজন প্রভৃতি যেসমন্ত জমিদারগোডি আছেন, সেই আদালী থেকে আরুভ করে নিজেদের আত্মীয়স্বজনেব মধ্যে যাতে ঐসমুহত জমি বিলি হয় সেইভাবেই জেনে-শ্বনে তাঁরা এইসব বাবস্থা করেছেন। এইরকম ভাবে নোটিশ্ব দিয়ে তাঁরা এইসব করেছেন এবং করে এসে আমাদের কাছে পরবতী কালে বলবেন যে আমরা কি করব ব্রুতে পারিনি হিসেবের একটা ভূল হয়ে গেছে। এটা কি হিসেবের ভূল: এটাতে আপনাদের চরম অপদার্ঘতার পরিচয় হয় এবং আপনাদের চরম অপরাধই আমি বলব। আপনারা কৃষকদের এতদিন কি ভাছলে ফাকিই দিলেন? কৃষককে জমির মালিক করবেন, তাদের হাতে টাকা দেবেন, কো-অপারেটিভ তৈরী করে দেবেন ইতাদি সমস্ত কথা আপনারা নির্বাচনের সময় গ্রামে গ্রামে বলে এসেছিলেন কিম্তু আজ আপনারা তাদের প্রতি চরম বিশ্বাসঘাতকতা করেছেন। এইসব তো হঠাৎ হয় নি। আপনারা ইচ্ছাকৃতভাবে রাইটার্স বিলিডংসে বসে সলাপরামর্শ করে এইভাবে সৰ বাবস্থা করেছেন। আপনারা কৃষককে এক ইণ্ডিও জমি দেন নি। যে লক্ষ লক্ষ কৃষক ৰালা তাৰের বাপ ঠ কুদার আলল খেকে বে জমি চাব করত তারা যখন জমি খেকে বিতাভিত হল

कथन आभनाता जारमत कारक अर्कम् मन मिरतरहरू ? आभनाता करून एका फारमत कारक वानमाता अरहेक मन मिरतरहन? ठिक रुन्दे कारके वामना स्पर्धह रव किंद्र वह रहाक वासक वक्र रहाक द्राराह, बान्यवन क्रम क्रमण क्रमह, क्रिक्टक्क मरबा। व्यक्षह, विभान मरबा। व्यक्षह । এ ছাড়া আময়া দেখছি বে হাসপাতালে হাসপাতালে ইংরেজ আমলে বেট্,কু অভার ছিল সেই क्छां न वाक वात तारे अरा पर कातगात कर्याकारे काश्वप हरत शहर। अवात नार्ज, डाहारतह অভাব এবং নানা রকম অব্যবস্থার জন্য রুগীরা ভাল চিকিংসা পার না বা হাসপাতাল ছেছে भामार्ट वाथा दश । **এই तक्य ५**तम अवस्थात मर्सा आभनाता **अस्न स्मरमस्म**। अथह आमारमन মুখ্যমন্ত্রী একজন বিখ্যাত ভাকার এই কথাই আমরা বারবার বিভিন্ন মানুষের কাছ থেকে শুনি। বাই হোক আমাদের কথা হচ্ছে যে, সমুহত ব্যাপারে আপনারা সমুহত জাতিকে আশাহত করেছেন। জাতির জীবনে কোন আশাই নেই বা সমুস্ত জাতির মধ্যে কোথাও কোন উৎসাহ আপনারা দেখাতে পারবেন না। পঞ্চবার্ষিক পরিকল্পনার ভেতরে আপনারা দেখাতে পারবেন না ৰে মান্য তাতে উৎসাহিত বা উদ্দীপিও হয়েছে। অর্থাৎ স্বাধীনতা হওয়ার ১০ ব**ধরের মধ্যে** জাতির প্রাণে কোন আশা আপনারা কোন দিক দিয়েই জাগাতে পারেন নি। ১০ বছর প্রে যথন আমরা দ্বাধীন হই তখন দলে দলে মান্য আশা আকাঞ্থার ঐ তির্ণাা ঝাড়া নিয়ে পথে বেডিয়েছিল। কিন্তু কোথায় সে আশা সমুস্ত জাতিকে একেবারে মাটির সংখ্য মিশিরে দেবার ব্যবস্থা আপনারা করেছেন। তাই বলব এর থেকে বড় অপরাধ আর কি হতে পারে। আমরা গরীব হতে পারি এবং ১-২-৫ বছরে কিছুই যে করা যায় না তাও আমরা জানি, কিন্তু कांच्यि प्रदेश योग के रूजांगा आप्रताया ना आनरूचन या कांच्यि प्रदेश योग कपेर्यान आणा জাগাতে পারতেন তাহলে ব্ঝতাম যে আপনাবা কিছ্ করেছেন বা কিছ্ করবেন। **কিন্তু** ষেখানে সেসব কিছু নেই সেখানে সেটাই হচ্ছে আপনাদের চরম অপরাধ। এজনা তলার মানুষ বারা ২।৪ জন ঘুস নেয় তাদের যদি আমরা বলি যে তোমরা কেন ঘুস নিচ্ছ তখন তারা বলে ষে ঐসব বক্তুতা এসেন্বলীতে গিয়ে মন্ত্রীদের দিন, বড় বড় অফিসারদের দিন। অর্থাৎ তারা বলে যে আমরা যে কটা টাকা মাইনে পাই তাতে আমাদের ছেলেপিলে, স্থা-পত্রে, পরিবারদের चारुबाव कि करत : তाता ७७ वरल रय लक्ष ठोका याता भार जाएनत रकन देनकाम छे। 🗷 धता 🗷 না ৷ বা যাবা লক্ষ টাকা উপার্জন করে তাদেব ধরবার কোন সরকারী বাবস্থা নেই কেন ? বা সারা হাজার টাকা মাইনে পায় তারা কেন চুরি করে? বা যারা বড় বড় ক**ন্টা**কটর ভাদের সং**ল্** মন্দ্রীদের কেন বাকন্থা হয় ? জাতিকে এই চরম অকন্থার মধ্যে আপনারা নিয়ে খাচ্ছেন। সেওন্য আমরা এইসব মিলিয়ে বলতে পারি যে কংগ্রেস সরকারের এখনি পদত্যাগ করা উচিত। আপনারা যদি মান্ধেব সংগে নেশেন তাহলে দেখনেন যে মান্ধ এইসব তথা বলে। অমরা যখন তাদেব নীতিক্থা বলি তখন তাবা খ্শী হয় না, বরং বলে গে এইস্ব নীতির ক্থা সাম্রা অনেক জানি এবং আমরা ধরেই নির্মেচি যে কংগ্রেসের দ্বারা কিছুই হবে না। অর্থাৎ কংগ্রেস সরকার এবং যারা তাঁদের নেতৃত্ব করছেন তারা যত্ত্বিন আছেন তত্ত্বিদন যে কিছুই হবে না এটাই দেশবাসী ধরে নিয়েছে। এজন্যই তারা আমাদের কাছে জানতে চায় যে আরও চুরির কথা 🍑 আছে, আরও কিছু কি আপনারা আপনাদের বলবেন । আওকে জনসাধারণের কিছু প্রতিনিধি ৰারা এখানে এসেছেন, লক্ষ লক্ষ লোক ধারা বাহিরে জনাগেং হয়েছেন তারা থালি আমাদের

[3-30-3-40 p.m.]

দেখন এটা কোথার নেমে গেছে। আপনাণের প্রেসটিজ ব'লে আর কি আছে? আর কিছুই নেই। কারণ, এমন অবস্থা হরেছে আপনাদের সম্পর্কে—মন্দ্রীমণ্ডলীর সম্পর্কে বে ভারা মনে করে যে কোন জিনিস আপনারা করতে গারেন। সেজনা দ্ব আনা চার আনা পর্যাহত নিতে পারেন —এই রকম পর্যাহত মনে করতে আরম্ভ করেছে। আপনাদের সম্পর্কে এই রকম ধারণা হতে

কাছে জানতে চাইছেন যে কেউ ৫ টাকা কি ঘুস নিয়েছে ৷ বা আপনারা কি জানেন কার পকেট কে মেরেছে ৷ বা আপনারা কি জানেন কোগায় কার শালাকে, ভণনীপতিকে, আখীরকে টান্তির পার্রামিট দেওয়া হরেছে ৷ বা আপনারা কি জানেন যে প্রফল্লবাব্ কাকে কাকে চালের পার্রামিট দিয়েছেন ৷ বা আপনারা কি জানেন যে মুখামন্ত্রীর যেসমন্ত প্রানেন ব্যবসাগ্লো ছিল তার সলো তার এখনও কোন সম্পর্ক আছে কি না এবং এখনো তাদের তিনি কোন সাহান্য করছেন

কি না? এইসব খবর জনসাধারণ আমাদের কাছ থেকে জানতে চাব।

আরম্ভ করেছে। আমি বলি এইটাই তো অনাম্পা। আমার এক বড় বন্ধ্ব বলেছিলেন বে একবুলো ভোমরা জানতে চাও কেন? এগ্রেলা তো ছোট ব্যাপার হরে বার। ব্যক্তিগত ব্যাপার হরে বার। বার্ত্তিগত ব্যাপার হরে বার। আমি বলি দেখুন, একট্ব চিন্তা করবার সমর এসেছে। একটা বদনাম করবার কথা বলাছি না। এই অবস্থার তারা নিজেদের টেনে নামিয়েছেন। আর বাই হউক, একথা যে লোকে জানতে চার। দ্ব্ব-চারটা কথা নিশ্চর আমার্শের বলতে হবে, বেগ্র্লি তারা আমানের নক্তরে এনেছেন।

প্রথমে আমি বলব, আগে বলেছি, আবার বলব—আজকে অনাস্থা প্রস্তাবের সময়—ষে আমাদের মন্দ্রীমণ্ডলী তাঁরা মুন্ডিমের যে ধনিক গোষ্ঠী আছেন, বড় বড় কল কারখানার মালিক আছেন—দেশী এবং বিদেশী, তাঁদের চাটুকার, পদলেহনকারী। আমি বলছি তাঁরা তাঁদের নিজেদের আত্মাকে সম্পূর্ণভাবে তাদের কাছে বিক্রী করেছেন। আমি আগে একথা বলেছি, আর একবার একথা আপনাদের শোনাবার জন্য বলব। সেটা হচ্ছে যে কংগ্রেস ইলেকশন ফান্ডে এবং কোন বিশেষ কারণে নয়, ইলেকশন ফান্ডে টাকা দেবার জন্য মাটিন আদেড কোং আটিকৈলস অব এসোসিয়েশন চেঞ্চ করবার জন্য হাইকোর্টে যান তথন জাগ্নিস পি বি মুখার্জি এই কথা বলেছিলেন—

"His Lordship observed further that to the cynic it appeared to be a plea of the Company to have a legal sanction to try the Government of the day to induce policies that would help the Company in its business to convert conviction and conscience by money so to pervert both democracy and administration."

এর চেমে কশাঘাত আর কি হতে পারে আমি জানি না। এই কশাঘাত করবার পর খ্র আনন্দের সপো নির্বিকারচিত্তে মুখামন্টা চেক গ্রহণ করলেন ঐ মাটিন বার্ন কোম্পানার কাছ থেকে। তার পরে আমি জানি মুখামন্টা সাার বাীরেনকে টেলিফোন করে একথা জানিয়েছিলেন যে আমাদের নির্বাচন তহবিলে টাকা চাই। আর সেইভাবে আটিকেলস অব এসোসিয়েশন পরিবর্তন করিয়েছেন। পরবর্তী কালে যা হয়েছে সেটা আরও চমংকার। সাার বাীরেন মুখাজি কে বখন তাদের শেয়ার হোল্ডারদের মিটিং হয়েছিল, তখন একজন জিক্কাসা করেছিলেন যে এই এই ঘটনা হয়েছে, আপনি চাদা দিলেন কেন? আমাদের এই কোম্পানী কি চাইলে হিন্দু মহাস্কাতাকে টাকা দেবে? তখন সাার বাীরেন মুখাজি বলেছিলেন —

"if you can blackmail me by forming a Government as the Congress Government is doing, I shall certainly pay you."

কি শ্রুখা আপনাদের তরফে তাদের! যাদের কাছে টাকা আছে তার। আপনাদের ভিখারী ব'লে এইভাবে টাকা ছ'ড়ে দিলে। কারণ, তারা জানে, ব্যাকমেল কোরে তারা অপনাদের টাকা দিতে পারে, কিন্তু আবার আপনাদের কাছ থেকেই তুলে নেবে। তার পরে মার্টিন বার্ল কোন্দানী ২ কোটি টাকার একটা কন্দান্ত্র পেয়েছে, যার জন্য তাদের টেন্ডার দিতে হয় নি এবং কোন টেন্ডার কল্ করাও হয় নি। প্রায় ২ কোটি টাকার কন্দান্ত্রই হ'লে টেন্ডার কল্ করতে হয়। কিন্তু সেখানে সে বাবন্ধা পর্যন্ত হয় নি। তারি দেখেছি ঠিক এইভাবে যখন স্প্রীম কোট—আন্নি একটা মামল র কথা জানি, তার নামও আমার কাছে আছে,—যখন স্প্রীম কোট রায় দিলে যে আর এন বানার্জির বলে এক ভদুলোক যিনি কাজ করতেন মার্টিন কোন্দানীর হেড অফিসে—তাকৈ চাকরীতে বহাল রাখতে হবে, তাকি ভাড়াতে পারবে না, এবং যার মোকন্দমা ট্রাইবিউনাাল হ'তে স্প্রীম কোর্টে গেল—এবং স্পুরীম কোর্ট ঐ রায় দিলেন, তা জেনে তখন মার্টিন বার্ল কোন্দানীর সারে বারিন বলছিলেন যে তাতে আমার কিছু আসে যার না। স্প্রীম কোর্টের রায় আমরা মানতে পারব না, এবং সেই খবর নিয়ে লেবার দম্তরে আমরা হাটাহাটি করেছি কিন্তু বেচারা লেবার মিনিন্টার কি করবেন? কারণ, বেখানে এইভাবে টাকা দেওয়া হয়, যেখানে মুখ্যমন্ত্রী আছেন সংশিল্ভ সেখানে বিদ্বার ইছাও থাকে কিভাবে তিনি তারীক্ষমতা ব্যবহার করবেন?

এটা তো দেখলেন। আমার একটি নিজের লোক—বাঁর সম্বন্ধে আগের লেবার মিনিস্টার থেকে আরুড কোরে এই লেবার মিনিস্টার পর্যস্ত ৪ বছর ধরে চলছে রাণীগঞ্জে—সেখানেও স্প্রীম কোর্টের রার আছে, ১১৯ জনকে ফিরিরে নিতে, এবং ৩৪ বছরের পর তাও আগের লেবার মিনিন্টার করেন নি, এখনকার বিনি লেবার মিনিন্টার তাঁর সহারতার কলে আইনও বাঁদও লোকদেখান তাদের নির্মেছিল কিন্তু পরে অসুস্থ ব'লে তাদের তাড়িরে হিলে। এখন আমি একট্ কড়া সত্য কথা বললে স্পীকার মহাশর, অংপনি হরত চটে বাবেন, কিন্তু একে বাঁদ দালালী না বলা হর তবে আমি জানি না দালালী কাকে বলে। আর কোন শব্দ আমি জানি না। ঠিক এইভাবে দেখলাম কি — স্বর্ভমল নাগরমলের বাড়ীতে সাচ' হল, সেখানে সোনা পাওয়া গেল, হীরা পাওয়া গেল বিভিন্ন জারগায়—ক্ষাওয়ার ভেসের মধ্যে পাওয়া গেল। কিন্তু তার কি ফল হ'ল? আমি শ্নেছি কংগ্রেস ফান্ডে টাকা দিরে তাঁরা ম্রিছ পেরেছেন। বল্য হয়েছে এইপ্রকার কেস আর পার্মণ্ করা হবে না। কাজেই নির্বাচন হ'লে এদের কিছু স্বিধা হয়ে যার এই গাতন্ত্রর এটা আমরা দেখছি। ঠিক সেইভাবে চিরঞ্জীলাল বাজোরিরার বাড়ী সাচি হল। সেখনে নানা দলিল পাওয়া গেল। দলিলগাল জাল করবে এবং এমন সব জিনিসও পাওয়া গেল যে কিভাবে কোম্পানীর এার্ট্রক ফাকি দেবে। সেখনে সোনাও পাওয়া গেল। বেআইনিভাবে আনা সোনা। সে ভদ্মলোকও কংগ্রেসকৈ টাক। দিয়ে বাকম্পা করেছে। অর তাঁর বিশেষ কিছু হবে না বলা হয়েছে।

্রারপরে আমি আগেকার ঘটনা একটা বলব। যখন বিড়লার উপর ইনকাম ট্যাল্স কমিশনের অভার হয়েছিল তখন শ্রীশশ্ভনাথ বানোজি যিনি উপস্থিত একজন আপার হাউসের কংগ্রেসী সদস্য তাকে একদিন ব্যব্যাৰ মুখামন্ত্ৰীর ঘরে এবং পি এন বিভলা, এবং বি ভি বিভলা এই তিনজনকৈ দেখা গিয়েছিল। এবশা শ্রীশা-জনাথ ব্যানাজি বলেছেন তিনি সে ঘরে ছিলেন না, পাশের ছবে ছিলেন, সেখানে একটা মিটিং হয়েছিল। কি হিসাবে তারা ছিলেন জানি না। এবে অমব, জানি যে একটা ইনকাম টাব্ধে ফাকির বা.পার নিয়ে বধন ইনকাম টাব্ধে ইনভেস্টি-গেটিং কমিশন মোটা ট্যাক্সের জন্য দাবা কবেন, ১খন সেখানে বিধানবাব, তাঁকে বললেন-অগ্নি একটা এগ্রিকালচারাল কলেজ খালব আমাকে টাকা তলে দিতে হবে।" তিনি বলগেন, "নিশ্চয়! আমরা ৩৩ কোটি টাকায় বিভলা মন্দির করে দিয়েছি, দি**ল্লীতেও বিভলা মন্দির** कर्रवृष्टि आह सामाना এই होक फिर्ड भारत ना निकार अहे अधिकानहातान करनरकर होका ্দের।" বাঙ্গালেশের ছেলেরা খিক্ষা করবে, আন ভাব জনা কিনা বিভলার **খরচের উপর নির্ভর** করতে হবে। তাদেব ইনকাম ট্যাক্স কমিয়ে তারা যে ৩০০ কোটি টাকা ইনকাম ট্যাক্স ছবি করেছেন এবং সেই ফাঁকি দেওয়া টাক্সের বেশীর ভাগ পশ্চিমবাংলার সেটা যদি ধরতে পারতেন ভাহতে প্রয়োজন হ'ত না ভিক্ষা চাইবার এই এপ্রিকালচাবাল কলেক্রের জনা। কোন হসপিটাতের নাম ব্যুলান হাষ্ট্রেট কেউ টাকা দিলেন ব্যাক মার্কেটিং-এর শ্বারা রোজগার করা টাকা -আর সম্পো সংখ্যা নাম বনুকে গোল। কোথা থেকে যে টাক। দেন তা জানার দরকার নেই।

[3-40-3-50 p.m]

हेमकां में। इ. क्रींक पिटक. रेनटकिंग्रेशमान्तर कथा फेट्रोहन रेनकाम-ग्रांस फिशार्ट स्मर्क क्रम? श्रक्तज्ञवाब्दना, विवासनाबद्धा भार्तामणे एमन এवং ভाরপরে ভাদের কাছে ভিক্ষা দাও বলে গিরে বলেন তোমার নামে কলেজ করে দেবো। বার জনা বাণ্গালী ছেলেরা প্রতিবাদ করেছে। আপনিও জানেন মনে হচ্ছে, এত তাড়াতাড়ি ভূলে বাবেন, আপনার মেমোরি তো এত খারাপ নয়, भत्न कि भए ना त्य वात्रानत्त्रात्म भित्र ठाएँ मानवीत वत्म धात्राह्म, भत्न कि भए ना त्म कथा? ठारे वर्नाष्ट्र रव विभ नक होका रेनकाम-हो। क्र कार्कि मिएक आर्थान ना रहा २ । ८ नक টাকা নিতেন আইনতঃ যদি তারা ধরা পড়ত। এইসব ব্লাক-মার্কেটারদের টাকায় আজু শিক্ষার ব্যবস্থা করতে হবে আজ আপনার। পশ্চিমবাংলাকে এমন অবস্থায় এনে ফেলেছেন। ঠিক এইছাবে আমরা মন্দ্রার কথাও শনেছি। গত নির্বাচনে কলকাতার মাঠে মানুর ক্রু বলেছিলাম--আর একজন এদুলোক যিনি নির্বাচিত হয়েছেন তার সপ্তো সম্পর্কের কথা অবশ্য তথন জানতাম না-সে সম্পর্ক গড়ে উঠেছে, আরও দৃঢ় হয়ে উঠেছে কারণ মুখ্যমন্ত্রী মহাশয় **এই বাবস্থার মধ্যে ছিলেন। জেসপ কোম্পানী যখন মুদ্যা কেনেন** তখন ডাঃ রায় ভাল কারণে, অনাম কিছু নয়, নীতিগত কারণে গ্রীঅশোক সেনকে এরকম বলেছিলেন যে অপেনি একজন ডাইরেক্টর হয়ে যান, ওরা সবাই বিদেশী। এইভাবে সেখানে শ্রীঅশোক সেন ইন্দোডিউসভ হয়ে যান। তারপর পরবর্তী কালে কি ঘটেছে তাব মধ্যে আমি জাচ্ছি না। ঠিক এইভাবে ক্যালকাটা ইলেক্ট্রিক সংক্ষাই করপোরেশন ৭০ লক্ষ্ণ টাকা কর্নাসউমারদের রিবেট দেবে এই কথা ছিল। সেই টাকা তারা সরক,রের অনুমতি ছাড়া আত্মসাং করতে পারে না বিজ্ঞার্ভ-এ যেতে পারে না, মুখামন্ত্রীর কাছে তারা এাপ্রেচ করলে বলেছিলেন নিশ্চয়ই তোমবা নেবে কেন নেবে না? ২০।২৫ বছর বাদে তে। আমরাই কোম্পানীর মালিক হবে। আমার টাকা তোমার নিজার্ভ এইভাবে ইংরেজকে খুসী করে দিলেন, যে ৭০ লক্ষ টকা কর্নাস্ট্রমাররা রিবেট হিসাবে পেত সেগালৈ এভাবে আদ্মসাৎ করে নিলেন। তারপর বহু ব্যাপার আছে, আমি তার মধ্যে বাচ্ছি না, সময় খুব নাই। সামান। দু-একটি বলি মুখামন্ত্রী মহাশয়কে, মন্ত্রীমণ্ডলীকেও, শুধুর মুখামন্ত্রী মহাশায় কেন, অনেকগ্রাল বাবসা যা ফে'দেছেন সেগ্রাল মারফং আমাদের স্টেট वास्क्रिके मार्कन कत्रात वावस्था करत्रष्ट्रन, आत किह्न नय। क्रम भरन कत्रष्ट्रन य এके আপনাদের জমিদারী, যা খুসী তার ব্যবস্থা তারা করবেন, যাকে খুসী পার্রায়ট দেবেন, তছন্ত দেশের জনসাধারণের টাকা 🤊 কিন্তু আমব: **কথা বলি,** বাস্তহ।রাদের জন। ম্কল কলেভের কথা বলি হর্সপিটালের কথা বলি তথন আপনারা বলেন যে কি করবে', আপনারা তো সবই ভাল ভাল কথা বলছেন কিন্তু টাকা তো নেই। তারপর আমাদের বাঙগালীর মাছ ধরা এটা পছন্দ हान ना. वनात्मन स्व माहरवता प्राष्ट्र धताता छिल भी किभिः এत वावन्था हान, प्रेनात अला. **भाभानीम जला. जाठ जला -- मार्ट्स्ट्रा माइ ध्रत्य जला।** जो जक्दात स्ट्लीइ किन्छ कान क्रवाव भारे नि वरल जात এकवात वर्लाछ। भानलाम २७ लक्ष होका थता इरार्र्स किन्छ १ लक টাকা রিটার্ন পেয়েছেন কিনা সন্দেহ। আরো শ্রনলাম যে ২৫ জন আড়ংদার আছেন তাদের কাছে ২০ টাকা মণে মাছ বিক্রী করা হয় আর সেটা পার্বালকের কাছে বিক্রী করা হয় ৭০ টাকা দরে। কি চমংকার বাবসা বৃশ্বি এই মল্ফীমণ্ডলরি। নিজের বাবসা হোলে কি এই রকম করতেন? আসামে যে ইলেকট্রীক কোম্পানী সেটা বিধানবাব্র ছিল সেখানে হোলে কি তিনি धरेष्टारव वावमा कर्राएक, जा कर्राएक मा अर्कवारत वावमा मा क्रानास अर्थकार वावमा कर्राएक মা। এইভাবে জনসাধারণের টাকা স্টেটের টাকা নন্ট হচ্ছে। আপনারা আরু আছেন, কাল থাকবেন না। তারপরে আর একটা জিনিষ জানতে পারলাম কাঁচবাপাড়া ডেডেলপমেন্ট এবিয়া -- **रमधारन छिन**णे विन आह्य-- स्वानिहा, धकवना, भागीकाणे, जिनस्मा এकरत्रत्र विन आह्य। টেম্ডার চাওরা হোল যে কে কততে ডেকে নেবেন। সেখানে দেখা গোল যে একজন ভদুলোক ৩৬ शाक्रात्र गोका প্রতি বছর দেবেন বলে ডেকে নেন-হায়েস্ট বিড এই তিনটা বিলের জনা, আর একজন ভদ্রলোক তার নাম শ্রীপ্রতাপ মিত্র তিনি ১৬ হাজার না কি ২০ হাজার টাকার--ঠিক व्यक्को व्यामात मत्न तारे. उत्त ७७ हाकारतत कराय उत्तक कराय उत्तक नितान अवः शत्रवर्णः-कारन चान्छर्य राज नवारे लच्छना, जीछा एनच्छना रव ३७ शासात ना २० शासात होका विशेष ভেকেছিলেন তাকেই বেওয়া হেলে এই বিলপ্তলি, ৩৬ হাজার টাকা বিনি ভেকেছিলেন, তিনি

পেলেন আঃ। অভিন্ন জিআলান করলেন, ঘটনাটা কি, সরকার বজেন বে ঘটনা খবে সোজা—বে ইয়ার্থ ৩৬ হাজার টাকা দিরে ভেকেছে সে নিশ্চরই মাছের বাবসা জানে না, আরু বে চাজাক, মাছের বাবসা জানে না, আরু বে চাজাক, মাছের বাবসা জানে সে ১৬ হাজার বা ২০ হাজারে ভেকেছে। স্কুরম মাছের বাবসা বে জানে ভাবেই খিরেছি—অ্বার্থ লোককে দিরে কি লাভ? কিন্তু এখন আমরা জানতে পেরেছি, লোকে বলে এই বে ভারলোক শ্রীপ্রতাপ মিয়—এটা একট্ পড়ে দিই—

"Government did not accept the highest tender because he had little or no experience in fishing work inasmuch as the rate which had been quoted by him was entirely uneconomic and was not likely to yield profits."

to yield profits."
এই হল বাবসা। এখন শ্নছি যে এই ভদ্রলোকের সপো ম্খামণ্টীর একট্ জানাশ্না আছে
এবং যখন প্রস্কুলবাব্কে ভিজ্ঞাসা করা হয় এটা কি রকম ব্যাপার হোল একদিন আমি জিজ্ঞাসা
করেছিলাম—উনি একই কথা বললেন যে মাছের বাবসা প্রতাপ জানে, সেজনা এই বাবস্থা করা
হয়েছে। তারপর দাঁঘা বলে একটা জায়গা হয়েছে সেখানে বিধানবাব, যখন অস্থা ছিনেও
একবর গিয়েছিলেন, আমার একবার যাবার ইছ্য ছিল কিন্তু এত পয়সা খরচ হয় যে তাতে যেও
আছি না, যা হোক একবার যাবো ভাবছিলাম। এখন আবার শ্লুছি গ্রীপ্রতাপ মিচ, স্কুমার
রায়, তিনি না কি বিধানবাব্র ভাইপো, চিন্ত রায় ডেপ্টা মিনিস্টার যিনি স্কুমার রায়রে
এককালে পড়াতেন, এখন ডেপ্টা মিনিস্টার হয়েছেন ওয়া এখানে নাকি বাবসা ফেন্টে বয়েছেন
এবং প্রিস্সেপ স্টাটি এর অফিস, সেখানে আবার শ্লুকোনেট কেন্স্পানীরও অফিস সেটা বিধানবাব্র ছিল। নানা লোকে সন্দেহ করছে যে তিনি নাকি বোনামীতে বাবসা চলাছেন, মুখামন্ট্রী হয়ে তিনিও এখন বাবসা করতে পারেন না। তারপর রুরাল রডকাগ্টিওের কথা একবার
বলেছিলাম—ফাশে লাইট কোম্পানী সেখানেও স্কুমার রায় প্রতাপ মিচ এ'দের দিয়ে বাবস্থা
করা হয়েছে। হাজার হাজার টাকা এই রুরাল রডকান্টিংএর বাাপারে দেওয়া হোল, তাও আবার
অনেক টাকা নন্ট হয়ে গেছে এও শ্রুমান।

[3-50-4 p.m.]

এদের বেনামদার ছাড়। আর কি বলব : তারপর করেছেন কল্যাণী স্টেটের টাকা দিয়ে। প্রার সোয়া চার কোট টাকা খরচ করেছেন। ৫২৬টি বাডি করেছেন, ২৬টি অকোপাইড হয়েছে। আম ব মতে পারলাম না এইরকম প্লানের কি প্রয়োজন ছিল। টাকা নাই খাপনি বলেন গরাঁব মানুষের জন। আর ৪॥ কোটি টাকা এভাবে খরচ করে দিলেন । কোন পরিকল্পনা আপনাদের गरें। ए। तथ्रत कि रूप वरें तक्य विभाग आयंश निरंग, एक प्रभान धाकरव, रकान वावमा रूप কোন পরিকল্পনা নেই। বিধানবাব্রে ইচ্ছা হল-জানি না মল্টীমন্ডলীর সপ্পে তিনি আধোচনা ওরেছেন কি না। এইভাবে গাণগুলী বাগানে, মাম্যুদবাজারে, ঝাড়গ্রামে, টালিগঞ্জে, ফ্রালিয়াতে, াবড়াতে, আমরা দেখাছ গরেশপুরে, ধুবুলিয়া ইত্যাদি জারগার ঘরবাড়ী যা হয়েছে তাতে উপর দিয়ে জল পড়ে- দু' বছরের বাড়ী অথ্য জল পড়ে। এও আমরা দেখেছি এ সমুদ্র জায়গায় ষে বাড়ী হয়েছে তার শতকরা ৫ ।০ ভাগে হয়তো মানুষ আছে, আর মানুষ নাই। তাই বলি কে আপনাদের অধিকার দিয়েছে সাধারণ মানুমের টাকা নিয়ে এভাবে ছিনিমিনি শেলার? আমরা জানতে চাই আপনারা কে কত ভাগ পেয়েছেন। এই যে সমস্ত বাড়ী কন্মীষ্টরা করেছে, চুরি হরেছে, বাড়ী ভেপো পড়ে যাচ্ছে, এর জন্য আপনারা কে কত পেয়েছেন তা আমরা জানতে চাই। ঠিক এইভাবে আমরা দেখেছি মডেল ভিলেজ করব বলে বিধানবাব, ৩০ হাজার লোকের জন্য বাড়ী করব এইসব করেছেন, কিন্তু এটা কি সত্য নয় যে ১ কোটি ২০ লক্ষ্য সেখানে বে ইট তৈরী হরেছিল তার মধ্যে শতকরা ৫০ ভাগ ধরে মহেছ গিরেছে। এ কার টাকা? বিধান-বাব্র নিজের জমিদারীর টাকা নয়, কংগ্রেসের কোন মন্দ্রীর টাকা নয় যে তারা বেভাবে খুনী খরচ করবেন। দুর্গাপুরে যে ব্যবসা হচ্ছে আমরা শুনেছি এটা টোটাল লস। কোন লাভ সেখানে হবে না। সেইরকম 'স্টেটসম্যান'এ বেরিরেছিল সালামপরে ২০ লক্ষ টাকা রিফিউলি-দের জন্য খরচ হল কিন্ত

not a single refugee has been rehabilitated.

কার টাকা? এসব জিনিব আপনারা করছেন কার টাকা নিরে? আর মান্য যথন বিজ্ঞোড য়েলানি করে তথন আপনারা বুলি চালান। তাবের প্রতিনিধিরা আপনাদের সব্পে দেখা করলে ঞ্জেন টাকা নেই। এখন মানুষ বৃষ্ধবৈ আপনাদের টাকা আছে, আন্দোলন কর্জে, সংগ্রাম কর্জে টাকা চরির খাতে না নিয়ে আমাদের খাতে আসতে পারে সাধারণ মানুষের মঞালের জন্য। ভারপর এখানে কথা উঠেছে যত বড় বড় বড়া ও সম্পত্তি বিধানবাব, কিনছেন অভিরিক্ত টাকা দিরে, আমাদের স্টেট বাজেট থেকে টাকা লু-ঠন করে—জামি নাম করে দিচ্ছি, লালগোলার বড়ৌ मारमा व**ष्ट**रतत भारता वाफ़ी, जामारत्रमान जात २॥ मारकत त्वमी नत्र-स्त्रते ४ मक तेका भिरह কেনা হয়েছে বলে শোনা বাচ্ছে। এডভোকেট-জেনারেল শ্রী এস এম বোসের বাড়ি চার্লালর करनाङ्केत अरमम करतिहरूलन ७० राखात होका, किन्छ भूशमन्त्री वर्ष्ट्रान ७० राखात रूप ना ৪ লক্ষ টাকা তাঁকে দিয়েছেন। মহারাজা অব ভিজানাগ্রাম বেলেঘটায় তার ভ্যাল,য়েশন ০ লক্ষ <mark>টাকার বেশী হবে না, কিন্তু ৬ লক্ষ টাকায় কেনা হয়েছে। কুমার জগদীশ সিংহ অব পাইকপাড়া</mark> বিমলবাৰ, তাঁকে চিনবেন--আপনাকেও আমি অন্য কোন ব্যাপারে জড়িত কর্রাছ না---শুনেছি ৮০ বিঘা জমি ক্ষিরোদমল বিয়ানমল ট্রান্টকে দ্ব' বারে তিনি বিক্রী করেন ৭ লক্ষ্ণ টাকায়--ভালমিয়া তার এজেন্ট ছিল। তারপর, মুখামন্ত্রী ভাবলেন ওখানে একটা মিন্ফ কলোনী দুধের ব্যবসা সেখানে হবে, সেজন্য সেটা আবার ৭ লক্ষ টাকা দিয়ে কিন্লেন। কিন্তু সেখান-কার ৪০ বিঘা জমি সরকারের পক্ষ থেকে নিলেন এবং ১০ লক্ষ টাকা সেই ৪০ বিঘার জন্য দিলেন। অর্থাৎ ৩ লক্ষ টাকা বেশী এবং ৪০ বিঘা গ্রেটিস দিয়ে দিলেন। এভাবে টাকা দেওয়াকে চরি **হাড়া কিছুই বলতে পারি না** অন্য কোন ভ.ল ভাষা থাকে, অন্যের। বলবেন, আমার জানা নাই। তারপর পার্রামটের এই যে রাজত তৈরি হয়েছে যা করে কংগ্রেসের অনেককে এরা দুনশীত-পরায়ণ করছেন, অলপ বয়স্ক যেসব ডেপটে মিনিস্টার মিনিস্টার তাদের দ্বনীতির পথে ঠেলে দেবার চেন্টা করছেন এবং সমনত এড মিনিস্টেশনকে করাপট করছেন। যদি তাদের সংসাহস থাকতো বহুবার আমরা বলেছি কি বিচারে আপনারা এসব দেন, কেন আমাদের থলে বলেন না, কে তারা, তাদের ঠিকানা, কোথায় তারা থাকে, কি সম্পর্ক তাদের সঞ্জে আপনাদের এটা ভাইলে আমরা জানতে পারতাম। এসব কিছাই করছেন না। সেখানে আপনারা কি করছে। আমি দু'-চারটা নমুনা দেব

[At this stage the red light was lit]

এই বাতিটা কেন জন্মলাচ্ছেন বারবার আমি ব্রথতে পার্রছি না

Mr. Speaker:

আপনাদেরই সেক্টোরী গণেশবাব বললেন ক্যোতিবাব্র এক ঘণ্টা টাইম লাগবে এক ঘণ্টা হয়ে গেলেও আমি বাতি জনুলি নি, কারণ গোলমালে কিছু সম্য নন্ট হয়েছে।

8|. Jyoti Basu:

